



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ১২ বৈশাখ ১৪১২/২৫ এপ্রিল ২০০৫

এস, আর, ও নং ৯৩ আইন/০৫।—নিরাপদ রক্ত পরিসঞ্চালন আইন ২০০২(২০০২ সালের ১২নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় নিরাপদ রক্ত পরিসঞ্চালন কাউন্সিলের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা নিরাপদ রক্ত সংগ্রহ, সংরক্ষণ ও পরিসঞ্চালনের পূর্বশর্ত ও পদ্ধতি নির্ধারণ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী ভিন্নরূপ কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—

- (১) “অপরাধ” (Crime) অর্থ এই আইনের অধীন শাস্তিযোগ্য কোন অপরাধ;
- (২) “অটোলোগাস (Autologus)” অর্থ রোগীর শরীর হইতে রক্ত সংগ্রহপূর্বক প্রয়োজনে রোগীর নিজের শরীরে পুনঃ সঞ্চালন (Re-transfusion) করা;
- (৩) “অননুমোদিত পদ্ধতিতে রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালন” (Bad Ordering Blood Collection and transfusion) অর্থ ভুল পদ্ধতিতে রক্ত সংগ্রহ করা, সঠিকভাবে রক্ত সংরক্ষণ না করা, মেয়াদ উত্তীর্ণ রক্ত পরিসঞ্চালন করা, কোল্ড চেইন অনুসরণ না করা, ভুল পদ্ধতিতে রক্ত পরিসঞ্চালন করা বা রক্ত পরিসঞ্চালনের জন্য বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য পদ্ধতি বা নিয়ম অনুসরণ না করিয়া রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালন;
- (৪) “অনিরীক্ষিত রক্ত” (Unscreened Blood) অর্থ কোন রক্ত, রক্তের উপাদান বা রক্তজাত সামগ্রীতে এইডস্ (AIDS), হেপাটাইটিস-বি (Hepatitis-B), হেপাটাইটিস-সি (Hepatitis-C), সিফিলিস (Syphilis), ম্যালেরিয়া (Malaria), ইত্যাদি রক্তবাহিত রোগের জীবাণুমুক্ত হওয়া সম্পর্কে পরীক্ষা বা যাচাই করা হয় নাই এমন রক্ত, রক্তের উপাদান বা রক্তজাত সামগ্রী;

(২৪৭১)

মূল্য : টাকা ১২'০০

- (৫) 'আইন' অর্থ নিরাপদ রক্ত পরিসঞ্চালন আইন, ২০০২;
- (৬) "আইনানুগ অভিভাবক" অর্থ স্বামী, স্ত্রী, পিতা মাতা, প্রাপ্ত বয়স্ক পুত্র ও কন্যা;
- (৭) "আইনানুগ উত্তরাধিকারী (Legal Heir)" অর্থ স্বামী, স্ত্রী, প্রাপ্ত বয়স্ক পুত্র ও কন্যা। তবে এই আইনের অধীনে আইনানুগ উত্তরাধিকারীর ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে প্রথমোল্লিখিত ব্যক্তিগণ ক্রমানুসারে তৎপরিবর্তীতে উল্লিখিত ব্যক্তিগণের তুলনায় অগ্রাধিকার লাভ করিবেন;
- (৮) "এফেরেসিস"(Apheresis), অর্থ যে পদ্ধতিতে একজন রক্তদাতার শরীর হইতে রক্তরস (Plasma), অণুচক্রিকা (Platelet) বা শ্বেতকনিকা (WBC) পৃথকীকরণের পর রক্তের বাকী অংশ ঐ অবস্থায় একই রক্তদাতার শরীরে পুনঃসঞ্চালন (Re-transfusion) করা হয়;
- (৯) "এক্সেসরিস (Accessories)" অর্থ রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ, রক্ত সংরক্ষণ এবং রোগীর দেহে রক্ত পরিসঞ্চালনের নিমিত্তে রক্তের ব্যাগ ও আনুষঙ্গিক জিনিসপত্র যেমন— মাইক্রোকোপ, স্টেরাইল টেষ্ট টিউব, ব্লাড সেট, রক্ত সংগ্রহের মানসম্পন্ন টেবিল, স্পিরিট, কটন, ব্লাড প্রেসার মেশিন, হীমোগ্লোবিন পরিমাণের যন্ত্র, মার্কিং পেন্সিল, স্লাইড, ডিস্পোজেবল সিরিঞ্জ, স্পীরিট ল্যাম্প ইত্যাদি;
- (১০) "কোল্ড চেইন (Cold Chain)" অর্থ +^০২ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +^০৮ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় রক্ত বা রক্তের উপাদান সংগ্রহ, সংরক্ষণ, বহন ও ব্যবহারকারীর নিকট পর্যন্ত পৌঁছানো ;
- (১১) ক্রসম্যাচিং রিপোর্ট (Cross Matching Report)" অর্থ রক্ত দাতার রক্তের সহিত রক্ত গ্রহীতার রক্তের মিল যাচাই করার পরীক্ষার রিপোর্ট;
- (১২) "চেম্বার" অর্থ এক বা একাধিক কক্ষ যেখানে বেসরকারী চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে বিশেষজ্ঞ চিকিৎসক বা নিবন্ধিত চিকিৎসক কর্তৃক রোগীর রোগ পরীক্ষা শেষে ব্যবস্থাপত্র দেওয়া হয় এবং ছোটখাট শল্য বা দস্ত চিকিৎসা করা হয়;
- (১৩) "টেকনোলজিস্ট"(Technologist) অর্থ কোন স্বীকৃত ইন্সটিটিউট প্রতিষ্ঠান হইতে মেডিকেল টেকনোলজীতে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা প্রাপ্ত ব্যক্তি;
- (১৪) "ডাক্তার" (Doctor) অর্থ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত অন্যান্য এমবিবিএস বা সমমানের মেডিকেল ডিগ্রীধারী ব্যক্তি;
- (১৫) "নিকট আত্মীয় (Close Relative) " অর্থ পিতা, মাতা, ভাই, বোন বা স্বামী/স্ত্রীর পিতা মাতা, ভাইবোন বা রক্তের সম্পর্কের আত্মীয়;
- (১৬) "প্লেটলেট ফেরেসিস (Platelet Pheresis)" অর্থ যে পদ্ধতিতে একজন রক্তদাতার শরীর হইতে সংগৃহীত রক্তের অণুচক্রিকা (Platelet) পৃথকীকরণের পর রক্তের বাকী অংশ ঐ অবস্থায় একই রক্তদাতার শরীরে পুনঃ সঞ্চালন (Re-transfusion) করা;

- (১৭) “প্লাজমা ফেরেসিস (Plasma Pheresis)” অর্থ যে পদ্ধতিতে একজন রক্তদাতার শরীর হইতে সংগৃহীত রক্তের রক্তরস পৃথকীকরণের পর রক্তের বাকি অংশ ঐ অবস্থায় একই রক্তদাতার শরীরে পুনঃ সঞ্চালন (Re-transfusion) করা;
- (১৮) “প্রিডোনেশন কাউন্সিলিং (Predonation Counselling)” অর্থ রক্তদাতাকে রক্তদানের পূর্বে করণীয়/পরামর্শ প্রদান, রক্তদানের উপযুক্ততার করণীয়/পরামর্শ প্রদান ইত্যাদি;
- (১৯) “পোস্ট ডোনেশন কাউন্সিলিং (Postdonation Counselling)” অর্থ রক্তদাতাকে রক্তদানের পর প্রয়োজনীয় করণীয়/পরামর্শ প্রদান;
- (২০) “পেশাদার রক্তদাতা (Professional Blood Donor)” অর্থ এমন একজন রক্তদাতা যিনি রক্তের প্রয়োজনে রক্ত গ্রহীতা/রোগী বা যে কোন পক্ষ হইতে নগদ অর্থ অথবা অন্য কিছু বিনিময়ে রক্তদানের নির্দিষ্ট সময়ের পূর্বে এক বা একাধিকবার রক্তদান করেন;
- (২১) “প্রতিস্থাপিত রক্তদাতা (Replacement Blood Donor)” অর্থ এমন একজন রক্তদাতা যিনি রক্তগ্রহীতার আত্মীয় বা পারিবারিক বন্ধু;
- (২২) “ফরম” অর্থ বিধিমালার সহিত সংযোজিত ফরম;
- (২৩) “বাছাই কমিটি” অর্থ আইনের ধারা ১১-এর অধীন গঠিত বাছাই কমিটি;
- (২৪) “বেসরকারী চিকিৎসালয়” অর্থ চেম্বার, বেসরকারী ক্লিনিক এবং বেসরকারী ল্যাবরেটরী ও ডায়াগনস্টিক সেন্টার;
- (২৫) “ব্যবস্থাপত্র (Prescription)” অর্থ রোগীর জন্য ডাক্তার কর্তৃক প্রদেয় পরামর্শ পত্র;
- (২৬) “ব্লাড ব্যাংক (Blood Bank)” রক্ত পরিসঞ্চালন কেন্দ্র (Blood Transfusion Centre) অর্থ কোন স্বীকৃত হাসপাতাল/ক্লিনিক/প্রতিষ্ঠান/সংস্থা/স্থান-এ রক্তদাতার নিকট হইতে রক্ত সংগ্রহ, সংরক্ষণ, পরীক্ষা-নিরীক্ষা, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী ইত্যাদি তৈরী, সরবরাহ ও পরিসঞ্চালন ব্যবস্থা;
- (২৭) “বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল” অর্থ (Medical and Dental Council Act, 1980 (XVI of 1980) এর অধীন গঠিত বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল;
- (২৮) “ব্লাডব্যাগ (Blood Bag)” অর্থ রক্তদাতা হইতে রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের জন্য ব্যবহৃত এন্টিকোয়াগুলেন্ট সম্বলিত সরকার কর্তৃক স্বীকৃত ব্যাগ;
- (২৯) “বিনষ্ট যোগ্য উপকরণ (Disposable Items)” অর্থ রক্ত পরিসঞ্চালনের জন্য রক্ত সংগ্রহ, সংরক্ষণ ও বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষায় ব্যবহৃত সামগ্রী যেমন সিরিঞ্জ, নিডল, লেনসেট, ব্লাড ব্যাগ, ব্লাড ট্রান্সফিউশন সেট, রাইড, টেস্টিউব একবার ব্যবহারযোগ্য অন্যান্য উপকরণ;

- (৩০) "ব্যক্তি" অর্থ কোম্পানী, প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, সংঘ ও সমিতি অন্তর্ভুক্ত হইবে;
- (৩১) "বেসরকারী ক্লিনিক" অর্থ সরকার বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন ব্যক্তির মালিকানা বা ব্যবস্থাপনায় পরিচালিত কোন ক্লিনিক, হাসপাতাল, নার্সিংহোম, দন্ত ক্লিনিক, আকুপাংচার ক্লিনিক, এম আর বা ডিএন্ড সি ক্লিনিক, নাক কান ও গলা ক্লিনিক, ফিজিওথেরাপী ক্লিনিক, সাইকিয়াট্রি, অনকোলজী, কার্ডিওলজি, অর্থোসার্জারী, কার্ডিওভাসকুলার সার্জারী, রেনাল, কিডনী, ইউরোলজী ক্লিনিক, এ্যাজমা ও এলার্জি সেন্টার অথবা সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অন্য কোন প্রতিষ্ঠান, যে নামেই অভিহিত হউক না কেন, যেখানে রোগী ভর্তি বা রোগীর চিকিৎসা করা হয়, এবং নির্ধারিত (Fixed) ও ড্রাম্যামান (Mobile) ক্লিনিক ও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৩২) "বেসরকারী ল্যাবরেটরী ও ডায়াগনস্টিক সেন্টার" অর্থ সরকার বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন ব্যক্তির মালিকানা বা ব্যবস্থাপনায় পরিচালিত ল্যাবরেটরী বা ডায়াগনস্টিক সেন্টার, রক্ত পরিসঞ্চালন কেন্দ্র বা ব্লাড ব্যাংক, যে নামেই অভিহিত হোক, যেখানে রোগীর রোগ নির্ণয় বা চিকিৎসার লক্ষ্যে রোগের পরীক্ষা বা রোগানুসন্ধান করা হয়;
- (৩৩) "বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র" অর্থ আইনের ধারা ৯ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র, ব্লাড ব্যাংক বা প্রতিষ্ঠান বা কেন্দ্র, যে নামেই অভিহিত হউক না কেন;
- (৩৪) "মন্ত্রণালয়" অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
- (৩৫) "মহা-পরিচালক" অর্থ স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক;
- (৩৬) "মনিটরিং" অর্থ ন্যাশনাল ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস এর তদারকি ব্যবস্থা;
- (৩৭) "রোগী বা রক্ত গ্রহীতা" অর্থ ডাক্তারের ব্যবস্থাপত্র মোতাবেক রক্ত গ্রহণকারী ব্যক্তি;
- (৩৮) "রক্তের চাহিদা পত্র (Requisition for Blood)" অর্থ রক্ত বা রক্তের উপাদানের স্বল্পতা পূরণের লক্ষ্যে ডাক্তার কর্তৃক কোন রোগীর জন্য প্রদেয় রক্ত বা রক্তের উপাদানের চাহিদা পত্র;
- (৩৯) "রক্ত সংগ্রহ কক্ষ (Blood Collection Room)" অর্থ রক্ত সংগ্রহের জন্য নির্ধারিত স্বীকৃত কক্ষ;
- (৪০) "রক্ত সংরক্ষণ কক্ষ (Blood Storage Room)" অর্থ কেবলমাত্র রক্ত সংরক্ষণের জন্য নির্ধারিত স্বীকৃত কক্ষ;
- (৪১) "রক্ত পরিসঞ্চালন (Blood Transfusion)" অর্থ নির্ধারিত নিয়মাবলী অনুযায়ী রক্ত দাতার দেহ হইতে রক্ত সংগ্রহের পর প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করিয়া রোগী/রক্ত গ্রহীতার দেহে চিকিৎসা কল্পে রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী প্রবেশ করানোর প্রক্রিয়া;

- (৪২) “রক্তদাতার বিশ্রাম কক্ষ (Blood donor rest room)” অর্থ রক্তদাতার রক্তদানের পর বিশ্রামের জন্য নির্দিষ্ট কক্ষ বা স্থান;
- (৪৩) “রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ (Blood Transfusion Specialist)” অর্থ এমবিবিএস বা সমমানের ডিগ্রীধারী এবং রক্ত পরিসঞ্চালন মেডিসিন বিষয়ে ডিপ্লোমা ডিবিএসএগুটি, এমটিএম, এফসিপিএস, এমডি, পিএইচডি ডিগ্রী প্রাপ্ত ডাক্তার;
- (৪৪) “রক্ত” (Blood) অর্থ পরিপূর্ণ মানব রক্ত;
- (৪৫) “রক্তের উপাদান” (Blood Component)” অর্থ রক্ত হইতে পৃথকীকৃত রক্তরস (Plasma), লোহিত রক্ত কণিকা (জইঈ), শ্বেত রক্ত কণিকা (WBC), অণুচক্রিকা (Platelet) ইত্যাদি উপাদান;
- (৪৬) “রক্তজাত সামগ্রী” (Plasma Product) অর্থ রক্তরস (Plasma) হইতে পৃথকীকরণ পদ্ধতির মাধ্যমে প্রস্তুতকৃত এলবিউমিন (Albumin), ইমিউনোগ্লোবিউলিন (Immunoglobulin) ক্রাইওপ্রেসিপিটেট (Cryoprecipitate), ফ্যাক্টর-৮ (factor-VIII), ফ্যাক্টর-১ (factor-1), ফ্যাক্টর-২, ৫, ৭, ৯, ১০ (factor-II, V, VII, IX, X) এবং অন্যান্য রক্তজাত সামগ্রী;
- (৪৭) “লাইসেন্স (License)” অর্থ আইনের ধারা ৯ এর অধীন কোন বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্স;
- (৪৮) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(ব) এ সংজ্ঞায়িত লাইসেন্সিং কর্তৃপক্ষ;
- (৪৯) “ল্যাবরেটরী রুম বা পরীক্ষাগার (Laboratory room)” অর্থ কেবল মাত্র রক্ত পরীক্ষার জন্য ব্যবহৃত নির্ধারিত স্বীকৃত কক্ষ;
- (৫০) “লিউকাফেরেসিস (Leukapheresis)” অর্থ যে পদ্ধতিতে একজন রক্তদাতার শরীর হইতে শ্বেতকণিকা (WBC) পৃথকীকরণের পর রক্তের বাকি অংশ ঐ অবস্থায় একই রক্তদাতার শরীরে পুনঃ সঞ্চালন (Re-transfusion) করা;
- (৫১) “সেবিকা (নার্স)” অর্থ বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত ডিপ্লোমা ডিগ্রীধারী নার্স;
- (৫২) “স্বেচ্ছায় রক্তদাতা (Voluntary blood donor)” অর্থ এমন একজন রক্তদাতা যিনি স্বেচ্ছায় কোন কিছুর বিনিময় ছাড়া ব্লাড ব্যাংক/রক্ত সংগ্রহ কেন্দ্রে রক্ত দান করেন;
- (৫৩) “স্ক্রীনিং রিপোর্ট (Screening report)” অর্থ রক্তদাতার শরীরে রক্তবাহিত রোগ যথা এইডস্, হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, সিফিলিস, ম্যালেরিয়া ইত্যাদি রক্তবাহিত রোগের জীবাণু আছে কিনা তা যাচাই করার পরীক্ষার রিপোর্ট;
- (৫৪) “সংযোজনী” অর্থ এই বিধিমালায় বর্ণিত সংযোজনী;

(৫৫) “হাসপাতাল (Hospital)” অর্থ সরকার কর্তৃক স্বীকৃত যেকোন সরকারী বা বেসরকারী হাসপাতাল এবং ক্লিনিক (Clinic), প্রতিষ্ঠান (Institution), ব্লাড ব্যাংক (Blood Bank), ব্লাড ট্রান্সফিউশন সেন্টার (Blood Transfusion Centre);

(৫৬) “হাসপাতাল পরিচালনাকারী” অর্থে কোন হাসপাতালের কর্তৃপক্ষ বা মালিক বা পরিচালনাকারীকেও বুঝাইবে।

৩। বাছাই কমিটি গঠন।—(১) আইনের ধারা ১১ এর উদ্দেশ্য পূরণকল্পে প্রতিটি জেলার জন্য নিম্নলিখিত ব্যক্তিদের সমন্বয়ে একটি বাছাই কমিটি থাকিবে, যথা :—

- (ক) সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন সভাপতি পদাধিকার বলে;
- (খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি-সদস্য;
- (গ) জেলার প্রধান হাসপাতালে কর্মরত একজন রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ-সদস্য-সচিব;
- (ঘ) জেলার প্রধান হাসপাতালে রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ কর্মরত না থাকিলে নিকটস্থ মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ সদস্য সচিবের দায়িত্ব পালন করিবেন।

৪। বাছাই কমিটির কর্মপরিধি।— বাছাই কমিটির কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হইয়া সংশ্লিষ্ট বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র সরেজমিনে পরিদর্শন করা;
- (খ) বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপনের জন্য পূর্বশর্তসমূহ যথাযথভাবে নিশ্চিত করা হইয়াছে কিনা উহা পরীক্ষা করা;
- (গ) বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রের স্থাপনের জন্য আবেদন পত্রে উল্লিখিত কেন্দ্র পরিদর্শনের আদেশ প্রাপ্তির ৬০ দিনের মধ্যে আবেদনকারী বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র পরিদর্শন পূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করা;
- (ঘ) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের জন্য লাইসেন্স প্রদান বা বাতিল বিঘ্যে প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট পেশ করা;
- (ঙ) কোন বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র পরিচালনার ক্ষেত্রে আইনে বর্ণিত শর্তসমূহ লংঘিত হইয়াছে মর্মে অভিযোগ প্রাপ্ত হইলে উক্ত অভিযোগ তদন্ত পূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করা।

৫। বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার পূর্বশর্ত ও পদ্ধতি।—(১) কোন ব্যক্তি, সমিতি বা প্রতিষ্ঠান কর্তৃক লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় লাইসেন্স গ্রহণ করিয়া বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনা করা যাইবে।

(২) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নরূপ পূর্বশর্ত পালন করিতে হইবে, যথা :-

- (ক) কোন ব্যক্তি, সমিতি বা প্রতিষ্ঠান লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় লাইসেন্স ব্যতিত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনা করিতে পারিবে না;
- (খ) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার নিমিত্তে লাইসেন্সিং কর্তৃপক্ষের অফিস হইতে আবেদনপত্র সংগ্রহ করিয়া প্রয়োজনীয় শর্তাবলী পূরণপূর্বক লাইসেন্সিং প্রক্রিয়া বাবদ ফি, ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের কপি ও অন্যান্য কাগজপত্রাদিসহ আবেদনপত্র লাইসেন্সিং কর্তৃপক্ষের অফিসে জমা দিতে হইবে;
- (গ) কোন ব্যক্তি, সমিতি বা প্রতিষ্ঠানকে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে (সংযোজনী-১৫) আবেদন করতঃ লাইসেন্স গ্রহণ করিয়া বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনা করিতে হইলে বিধি মোতাবেক বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার শর্তাবলী পূরণপূর্বক আবেদন পত্র জমা দিতে হইবে ;
- (ঘ) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সিং প্রক্রিয়াবাবদ ফি এর ব্যাংক ড্রাফট/ পেঅর্ডারের কপি ও অন্যান্য কাগজপত্রাদিসহ আবেদন পত্র প্রাপ্তির পর এবং উক্ত আবেদন পত্রে উল্লেখিত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের পক্ষে বাছাই কমিটি প্রদত্ত সরেজমিন পরিদর্শন রিপোর্ট প্রাপ্তির পর বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স ফি গ্রহণ করিয়া লাইসেন্স প্রদান করিবেন ;
- (ঙ) কোন ব্যক্তি, সমিতি বা প্রতিষ্ঠানকে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে লাইসেন্সের জন্য আবেদন করতঃ লাইসেন্স গ্রহণ করিয়া বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনা করিতে হইলে বিধি মোতাবেক লাইসেন্সের জন্য শর্তসমূহ ও বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও কার্যক্রম পরিচালনার শর্তসমূহ সার্বক্ষণিক অনুসরণ করিতে হইবে ;
- (চ) পরিদর্শন কমিটি, মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বা মহা-পরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক লাইসেন্সকৃত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র পরিদর্শনকালে উক্ত রক্তপরিসঞ্চালন কেন্দ্রের কর্তৃপক্ষ পরিদর্শনে সহায়তা করিবে এবং প্রয়োজনে বাছাই কমিটির সহিত পরিদর্শন কমিটি মত বিনিময় করিবে ;
- (ছ) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ/লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র কখনও কোন সময় পেশাদার রক্তদাতা বা অর্থের বিনিময় রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ করিবে না অথবা এইরূপ রক্তদাতার রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, তৈরী বা পৃথকীকরণ বিক্রয় বা বিতরণ করিবে না ;
- (জ) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ/লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র কখনও কোন সময় উপযুক্ত রক্তদাতা হইতে রক্ত সংগ্রহের পর রক্তের ক্রসম্যাটিংসহ প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা এবং রক্ত বাহিত রোগের জীবাণু যথা-এইডস, হেপটাইটিস-বি, হেপটাইটিস-সি, ম্যালেরিয়া এবং সিকিলিস ইত্যাদি রোগের জীবাণুর উপস্থিতির পরীক্ষা নিশ্চিত না করিয়া রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী সরবরাহ, বিক্রয় বা বিতরণ করিবে না ;

(ঝ) প্রত্যেক বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র—

(অ) রক্তের বিভিন্ন প্রকার পরীক্ষা ও রক্তপরিসঞ্চালন সেবা প্রদানের জন্য নির্ধারিত ফিসের একটি তালিকা সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ স্থানে এবং অভ্যর্থনা কক্ষের দেয়ালে লটকাইয়া রাখিবে;

(আ) রক্ত পরীক্ষা, রক্তপরিসঞ্চালন সেবা বা রক্তপরিসঞ্চালন সংক্রান্ত অন্যান্য সেবা বাবদ গৃহীত ফিসের একটি রশিদ সংশ্লিষ্ট রোগী বা তাহার প্রতিনিধিকে প্রদান করিবে এবং অনুলিপি সংরক্ষণ করিবে।

(৩) রক্তপরিসঞ্চালন কেন্দ্র পরিচালনার জন্য যে সমস্ত কেন্দ্রে প্রতিদিন ১০ থেকে ১৫ ইউনিট বা বছরে ৩০০০ থেকে ৫০০০ ইউনিট রক্ত সংগৃহীত সে সব ক্ষেত্রে রক্ত সংগ্রহ ও রক্তের প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ বিক্রয় বা বিতরণের জন্য নিম্নবর্ণিত রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ, সরকার অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার, প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব) টেকনিক্যাল সুপারভাইজার, ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট, নার্স, কাউন্সিলার, প্রশাসনিক কর্মকর্তা ও অফিস স্টাফসার্বক্ষণিকভাবে থাকিবে হইবে, যথা :-

(ক) রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ	০১ জন
(খ) প্রশিক্ষণ প্রাপ্ত ডাক্তার/মেডিকেল অফিসার	০২ জন
(গ) মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব)	০৩ জন
(ঘ) কাউন্সিলার	০১ জন
(ঙ) রেজিস্টার্ড নার্স	০২ জন
(চ) ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট	০৪ জন
(ছ) প্রশাসনিক কর্মকর্তা	০১ জন
(জ) অফিস স্টাফ	০২ জন
সর্বমোট=	১৬ জন

(৪) যে সমস্ত কেন্দ্রে প্রতিদিন ২০ থেকে ৩০ ইউনিট বা বছরে ৬০০০ থেকে ৮০০০ ইউনিট রক্ত সংগৃহীত হয় সে সমস্ত কেন্দ্রে রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা, ও সংগৃহীত রক্ত হইতে রক্তের বিভিন্ন উপাদান তৈরী, বিক্রয় বা বিতরণের জন্য নিম্নবর্ণিত লোকবলের প্রয়োজন হইবে, যথা :-

(ক) রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ	০১ জন
(খ) প্রশিক্ষণ প্রাপ্ত ডাক্তার/মেডিকেল অফিসার	০৩ জন
(গ) মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব)	০৪ জন
(ঘ) কাউন্সিলার	০২ জন
(ঙ) রেজিস্টার্ড নার্স	০৩ জন
(চ) ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট	০৩ জন
(ছ) অফিস স্টাফ	০২ জন
(জ) টেকনিক্যাল সুপারভাইজার	০১ জন
(ঝ) প্রশাসনিক কর্মকর্তা	০১ জন
সর্বমোট=	২০ জন

(৫) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে জন্য সার্বক্ষণিক ও পার্টটাইম প্রয়োজনীয় লোকবল নিয়োগের ধরন ও সংখ্যা কেন্দ্র কর্তৃক সংগৃহীত ও বিরণকৃত রক্ত ইউনিটের উপর ভিত্তি করিয়া পরিদর্শন কমিটি বিবেচনা করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লোকবল নিয়োগ করিতে হইবে।

(৬) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপনের জন্য জায়গা ১০০ স্কয়ার বর্গমিটারের অধিক হইবে না এবং রক্তের উপাদান তৈরীর জন্য অতিরিক্ত ৫০ বর্গ মিটার স্থানের সংস্থান থাকিতে হইবে;

(৭) রক্ত পরিসঞ্চালন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে অফিস, রেজিস্ট্রেশন ও অভ্যর্থনার জন্য কক্ষ, ডোনার সিলেকশন, মেডিকেল অফিসার/ডাক্তারের কক্ষ, রক্ত সংগ্রহের কক্ষ (শীতাতপ নিয়ন্ত্রিত), রক্তের গ্রুপিং ও অন্যান্য সেরোলজিকাল পরীক্ষার জন্য ল্যাবরেটরীসহ (শীতাতপ নিয়ন্ত্রিত) রক্ত বাহিত রোগ নির্ণয়ের (Screening) জন্য ল্যাবরেটরী (শীতাতপ নিয়ন্ত্রিত) রক্তদাতার বিশ্রাম ও আপ্যায়ন কক্ষ (শীতাতপ নিয়ন্ত্রিত) ট্রান্সফিউশন কক্ষ (ডে- কেয়ার প্রযোজ্য ক্ষেত্রে), রক্ত সংরক্ষণ কক্ষ (যাহার সার্বক্ষণিক তাপমাত্রা +৪ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +৬ ডিগ্রী সেন্টিগ্রেড থাকিবে অথবা উক্ত কক্ষে রক্ষিত ব্লাড ব্যাংক রেফ্রিজারেটর যাহার তাপমাত্রা +২ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +৬ ডিগ্রী সেন্টিগ্রেড এবং যাহাতে ডিজিটাল ডায়াল থার্মোমিটার ও সতর্কীকরণ ব্যবস্থাসহ সার্বক্ষণিক বিদ্যুতের ব্যবস্থা থাকিবে। প্রতিদিন তাপমাত্রা মনিটরিং করিতে হইবে)। রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞের কক্ষ, রক্তের উপাদান তৈরীর কক্ষ (শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষ+২০ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +২৫ ডিগ্রী সেন্টিগ্রেড প্রযোজ্য ক্ষেত্রে), স্টেরিলাইজেশন, হট এয়ার ওভেন, অটোক্লেভ ও ধৌতকর্মের জন্য কক্ষ, ষ্টোর, বাথরুম ও টয়লেটের জন্য কক্ষ ইত্যাদি থাকিতে হইবে ;

(৮) উল্লিখিত কক্ষসমূহ, কক্ষসমূহের পরিধি সংশ্লিষ্ট বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের কার্যক্রমের প্রয়োজনীয়তা অনুসারে বাছাই কমিটির পূর্বানুমোদন সাপেক্ষে পরিবর্তন ও পরিবর্ধন যোগ্য।

৬। বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র।—(১) রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ ও সংরক্ষণ, রক্তের স্যাম্পল সংরক্ষণ, পরীক্ষা-নিরীক্ষা ও পরিসঞ্চালনের জন্য প্রয়োজনীয় আন্তর্জাতিক মানসম্পন্ন যন্ত্রপাতি থাকিতে হইবে। যন্ত্রপাতির ব্যবহার, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ স্ট্যান্ডার্ড ওপারেটিং প্রসিডিয়ার (Standard Operating Procedure-SOP) অনুযায়ী করিতে হইবে। প্রতিটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রতিবার ব্যবহারের পর পর্যবেক্ষণ, পরিচালনা, ক্যালিব্রেশন (Calibration) ও রক্ষণাবেক্ষণ স্ট্যান্ডার্ড ওপারেটিং প্রসিডিয়ার (SOP) অনুযায়ী করিতে হইবে।

(২) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের ল্যাবরেটরীর জন্য প্রয়োজনীয় মানসম্পন্ন যন্ত্রপাতির তালিকা হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) ফার্মাসিউটিক্যাল রিফ্রিজারেটর---০১/০২ (রিএজেন্ট কীটস সংরক্ষণের জন্য) ;
- (খ) ব্লাড ব্যাংক ফ্রিজ ---০১/০২ ;
- (গ) ডিপ ফ্রিজ ---০১ ;
- (ঘ) ফ্রিজ ডমেষ্টিক ---০১ (রক্তের স্যাম্পল সংরক্ষণের জন্য) ;
- (ঙ) কম্পাউন্ড মাইক্রোস্কোপ ---০২(উচ্চ এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন অবজেকটিভ সহ) ;

- (চ) সেন্ট্রিফিউজ মেশিন ---০২ (সেন্ট্রিফিউজ টেবিল মডেল সহ) ;
- (ছ) ওয়াটার বাথ ---০২ (৩৭ ডিগ্রী সেন্টিগ্রেড হতে ৫৬ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার) ;
- (জ) ইনকিউবেটর ---০১ (থার্মোস্টাটিক কন্টোল সহ);
- (ঝ) ভিউ বক্স --- (আর এইচ ভিউ বক্স) ;
- (ঞ) ম্যাকানিক্যাল সেকার ---০১ (সিফিলিস এর সিরোলজিক্যাল পরীক্ষার জন্য) ;
- (ট) ডিস্টিল ওয়াটার প্লান্ট ---০১ ;
- (ঠ) ম্যানুয়েরল প্রাজমা এক্সট্রাক্টর ---০১ ;
- (ড) হ্যান্ড লেপ ---০২ (পরীক্ষা সমূহ পর্যবেক্ষণের জন্য) ;
- (ণ) বিভিন্ন সাইজের সিরোলজিক্যাল গ্রাজুয়েটেড পিপেট ;
- (ত) পিপেটস্ প্যাস্টিওর, গ্লাস স্লাইডস ;
- (থ) বিভিন্ন সাইজের টেস্ট টিউবস/মাইক্রোমিটার গ্রেট (ইউ বা ভি টাইপের) ;
- (দ) বিভিন্ন সাইজের প্রেসিপিটেটিং টিউবস্ (৬ মি মি (৫০ মি মি), বিভিন্ন সাইজের গ্লাস বিকার ও বিভিন্ন সাইজের টেস্ট টিউব রয়াক ;
- (ধ) ইলেকট্রিক ইন্টারভেল টাইমার ---০২ ;
- (ন) ডাই-ইলেকট্রিক ব্লাড ব্যাগ টিউব সিলার ---০২ (সংখ্যা প্রয়োজনানুযায়ী) ;
- (প) ফিলটার পেপারস --- (প্রয়োজন অনুসারে) ;
- (ফ) কেমিক্যাল ব্যালেন্স ---০১ (প্রয়োজন অনুসারে) ;
- (ব) এলিজা সিস্টেম ইনকিউবেটর, ওয়াসার, রিডার প্রিন্টারসহ এবং মাইক্রোপিপেটস্ (প্রয়োজন অনুসারে) ;
- (ভ) ইনসুলেটেড কনটেইনারস্;+২ ডিগ্রী সেন্টিগ্রেড হতে +১০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার (হাসপাতাল ও হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে, ক্লিনিকে রক্ত সরবরাহের জন্য) ;
- (ম) ল্যাবরেটরীর গ্লাসওয়ার সামগ্রী যথাযথ পরীক্ষার করার জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতি ;
- (য) পোর্টেবল জেনারেটর ---০১ ;
- (র) হট এয়ার ওভেন ---০১ ;
- (ল) অটোক্লেভ মেশিন ---০১ (তাপমাত্রা ও প্রেসার ইন্ডিকেটর সহ) ;
- (শ) ইনসিনারেটর/ল্যাবরেটরী ওয়েস্ট ফার্নেস ;
- (ষ) ওজন যন্ত্র -----০১(রক্ত দাতার) ;
- (স) বায়োমেডিকেল মিকচার মেশিন- ০১(ব্লাড ব্যাগ ওজনের জন্য সংখ্যা প্রয়োজনানুযায়ী) ;

- (হ) ব্লাড প্রেসারের মেশিন, স্টেথোস্কোপ, ক্লিনিক্যাল থারমোমিটার, ওয়াচ ও স্টপ ওয়াচ--- প্রতিটি -০৩ টি করিয়া ;
- (ড) ব্লাড টেস্ট সেট হইবে নিম্নরূপ, যথা :-
- (অ) সাহলীস (Sahlis Hamoglobinometer) হেমোগ্রোবিনোমিটার/কলোরোমিটরিক মেথোড ---০২ ;
- (আ) কপার সালপেট সলিউশন (স্পিসিফিক গ্রাভিটি-১.০৫৩) ;
- (ই) স্টেরাইল ল্যাসেট ও স্টেরাইল সোয়াব ;
- (ঈ) ক্যাপিলারী টিউবস্ বা প্যাস্টিওর পিপেটস্ ;
- (উ) ক্যাপিলারী টিউবস্ এর জন্য রাবার টীট্ ;
- (ঢ) এক্সেসরিস যেমন ব্লাংকেট, ইমেসিস বেসিন, হেমোস্টেট সেট, ক্লাম্প, স্পল্ ফরসেপ, গঞ্জ, ড্রেসিং জার, সলিউশন জার, ওয়েস্টক্যান, কটনবল, এডহেসিব টেপ, স্পিরিট, টিনচার আয়োডিন, লিকুয়িড সোপ, তোয়ালে ইত্যাদি ;
- (য়) জরুরী প্রয়োজনীয় যন্ত্রপাতি/আইটেমস
- (অ) অক্সিজেন সিলিভার-মাস্ক, গঞ্জ ও প্রেসার রেগুলেটর সহ অসন ইধম ;
- (আ) নরমাল স্যালাইন বা পাঁচ পারসেন্ট গ্লুকোজ স্যালাইন ;
- (ই) বিভিন্ন সাইজের ডিসপোজেবল স্টেরাইল সিরিঞ্জ ও নিডল ;
- (ঈ) ডিসপোজেবল স্টাইরাইল আই ভি ইনফিউশন সেট ;
- (উ) এডরিনালিন, নরএডরিনালিন, ক্লোরফিনারামিন, মিটোক্লোরপ্রমাইড, বিটামিথাসোন, ডেক্সামিথাসোন ইত্যাদি ইনজেকশন ;
- (ঊ) এ্যাসপিরিন, প্যারাসিটামল, এডিল, হিস্টাসিন, ডিসপিরিন, ল্যাসিন্স ইত্যাদি ট্যাবলেট ও অন্যান্য প্রয়োজনীয় ট্যাবলেট, সিরাপ ও ইনজেকশন ;

(৩) রক্তের বিভিন্ন উপাদান তৈরী, প্রস্তুতকরণ বা পৃথকীকরণ ইত্যাদি কার্যক্রমের জন্য অতিরিক্ত প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) রিফ্রিজারেটেড সেন্ট্রিফিউজ মেশিন ---০১ ;
- (খ) সেল সেপারেটর মেশিন ---০১ (প্রবোজ্য ফ্রেজে) ;
- (গ) প্লেটলেট এজিটেটর ---০১ ;
- (ঘ) ব্লাড ব্যাংক ফ্রিজ ---০১ ;
- (ঙ) ডিপ ফ্রিজ ---০১ (তাপমাত্রা -মাইনাস ১ ডিগ্রী সেন্টিগ্রেড হতে মাইনাস ৪০ ডিগ্রী সেন্টিগ্রেড এবং মাইনাস ৭৫ ডিগ্রী সেন্টিগ্রেড হতে মাইনাস ৮০ ডিগ্রী সেন্টিগ্রেড) ;

- (চ) হিমাটোক্রীট সেন্ট্রিফিউজ মেশিন ---০১;
- (ছ) ল্যাবরেটরী থারমোমিটার ---০২;
- (জ) ব্লাড কালেক্টর মনিটর/ব্লাড কনটেইনার ওজন ডিভাইস ---০১ ;
- (ঝ) রিফ্রিজারেটেড ওয়াটার বাথ ---০১ (প্রাজমা থোয়িং এর জন্য) ;
- (ঞ) ল্যামিনার এয়ার ফ্লোরেন্স ০১ ;
- (ট) প্রাজমা এক্সপ্রেসর ০১ ;
- (ঠ) এয়ার কন্ডিশনার ০২ ;
- (ড) ড্রাই রাবার ব্যালাসিং ম্যাটারিয়াল প্রয়োজন অনুসারে ;

(৪) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে রক্তের বিভিন্ন উপাদান তৈরী, প্রস্তুতকরণ বা পৃথকীকরণ ইত্যাদি কার্যক্রমের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ধরন ও সংখ্যা ইত্যাদি বিষয়ে পরিদর্শন কমিটি/বাছাই কমিটি বিবেচনা করিবে/সুপারিশ করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যবহার করিতে হইবে ;

(৫) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষকে জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত সিঙ্গেল ব্যাগ ছাড়াও ডাবল, ট্রিপল ও কোয়াড্রিপল ব্যাগের ব্যবহার নিশ্চিত করিতে হইবে ;

(৬) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষকে লোহিত রক্ত গণিকা সর্বোচ্চ ৪২ দিন সংরক্ষণ ও ব্যবহার উপযোগী রাখার জন্য এ্যাডিটিভ সলিউশন যেমন SAGM, ADSOL, NUTRICEL, OPTISOL-এর ব্যবহার নিশ্চিত করিতে হইবে ;

(৭) বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রের জন্য প্রয়োজনীয় মানসম্পন্ন আসবাবপত্রের তালিকা হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) সঠিক সাইজের, আরামদায়ক, গদিয়ুক্ত/আধুনিক প্রযুক্তি অনুযায়ী ডোনারব্যাক প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (খ) বিভিন্ন সাইজের, আরামদায়ক, গদিয়ুক্ত/গদিছাড়া আধুনিক প্রযুক্তি অনুযায়ী চেয়ার ও টেবিল প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (গ) সঠিক সাইজের, আরামদায়ক, গদিয়ুক্ত/গদিছাড়া আধুনিক প্রযুক্তি অনুযায়ী বেডসাইড টেবিল প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (ঘ) সঠিক সাইজের, আরামদায়ক, গদিয়ুক্ত/আধুনিক প্রযুক্তি অনুযায়ী রিডিং টেবিল প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (ঙ) সঠিক সাইজের, আরামদায়ক, গদিয়ুক্ত/আধুনিক প্রযুক্তি অনুযায়ী ডোনার কোচ প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (চ) বিভিন্ন সাইজের আধুনিক প্রযুক্তি অনুযায়ী ল্যাবরেটরী টেবিল প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;

- (ছ) বিভিন্ন সাইজের আধুনিক প্রযুক্তি অনুযায়ী আলমারী প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (জ) সঠিক সাইজের আরামদায়ক আধুনিক প্রযুক্তি অনুযায়ী রোগীরবেড প্রস্তুত করিতে হইবে এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (ঝ) বেঞ্চ, টুলস, সিলিং ও টেবিলফ্যান বিভিন্ন সাইজের এবং প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;
- (ঞ) তোষক, কোমল, বেডসিট, বেডকভার, বালিশ, মশারী, টেলিভিশন, পানির জগ, গ্লাস, ওয়াটার ফিল্টার ইত্যাদি প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;

(৮) পোস্ট ডোনেশন রুম (Post Donation Room)-এর জন্য টেলিভিশন, পানির জগ, পানি/তরল পান করার গ্লাস, ওয়াটার ফিল্টার ইজি চেয়ার, ফ্যান ইত্যাদি প্রয়োজন অনুসারে থাকিতে হইবে ;

৭। বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় কেমিক্যালস, কীটস ও রিএজেন্ট।— (১) নিরাপদ রক্ত পরিসঞ্চালনের লক্ষ্যে ব্লাড গ্রুপিং, ক্রসম্যাচিং, স্ক্রীনিং ও অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন পর্যাপ্ত কেমিক্যালস কীটস ও রিএজেন্ট থাকিতে হইবে। রক্ত সংগ্রহ, প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ, রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ বিক্রয় বা বিতরণ ইত্যাদি কার্যক্রমের জন্য ব্যবহৃত রিএজেন্ট, কেমিক্যালস, সাপ্লাইস প্রস্তুতকারী কোম্পানীর নির্দেশিকা অনুসারে নিরাপদ, স্বাস্থ্য সম্মত স্থানে যথাযথ ভাবে নির্দিষ্ট তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে এবং নিম্ন বর্ণিত নির্দেশিকা অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) রক্ত ও রক্তের উপাদানের পরিসঞ্চালনের সময় যে সমস্ত কেমিক্যালস, রিএজেন্ট রক্তের সহিত মিশ্রিত হয় বা রক্তের সংস্পর্শে আসে তাহা অবশ্যই স্টেরাইল, পাইরোজেন ফ্রি হইতে হইবে এবং মিশ্রন সত্ত্বেও কোনরূপ প্রতিক্রিয়া দেখা দিবে না বা যাহাতে উপাদান সমূহের বিচ্যুততা, কার্যকারিতা, নিরাপত্তা ও উপযুক্ততার ক্ষেত্রে কোনরূপ পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হইবে না;
- (খ) রিএজেন্ট, সাপ্লাইস ও কেমিক্যালস এমন ভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে কার্যকারীতার তারিখ শেষ হওয়ার পূর্বেই ব্যবহার করা যায় এবং পর্যায়ক্রমে পুরাতন গুলো আগে ভাগে ব্যবহার করা যায়;
- (গ) রিএজেন্ট, সাপ্লাইস ও কেমিক্যালস সমূহ প্রস্তুতকারী কোম্পানীর নির্দেশিকা অনুসারে যথাপোযুক্তভাবে ব্যবহার করিতে হইবে;
- (ঘ) পরিসঞ্চালনের সহিত সংশ্লিষ্ট নহে অথচ রক্ত ও রক্তের উপাদান সংগ্রহ ও সংরক্ষণের জন্য প্রয়োজন এরূপ পাত্র ও ঢাকনাসমূহ ভালভাবে পরিষ্কার করিতে হইবে যেন কোনরূপ রক্ত কণিকা বা অন্যান্য দূষণীয় দ্রব্যাদি না থাকে;
- (ঙ) রক্ত সংগ্রহের জন্য ব্লাড ব্যাগ এবং ব্লাড ব্যাগসংযুক্ত স্যাটেলাইট ব্যাগ রক্ত সংগ্রহের পূর্বে এবং রক্ত সংগ্রহের পরপরই ব্যাগ নষ্ট কিনা বা দূষণযুক্ত কিনা তা যথারীতি পরীক্ষা করিতে হইবে যেমন- ব্যাগের সেটের নিডলের ক্যাপ খোলা কিনা, ভাঙ্গা

কিনা, সেটে কোথাও লিক আছে কিনা ইত্যাদি। ব্যাগের সলিউশনের রঙের পরিবর্তন হয়েছে কিনা, সলিউশন দানা হয়েছে কিনা। রক্ত সংগ্রহের পূর্বে পরিলক্ষিত হলে উক্ত ব্যাগে রক্ত সংগ্রহ করা যাইবে না আর রক্ত সংগ্রহের পরে পরিলক্ষিত হইলে যথাযথ ভাবে বাতিল করিতে হইবে। ইহা ছাড়াও রক্ত পরিসংখ্যনের সেট (Blood Transfusion Set)-এ কোন প্রকার ছিদ্র (Liakage) আছে কিনা পরীক্ষা করিতে হইবে;

(চ) রিএজেন্টস্ কেমিক্যালস্ ও সাপ্লাইস এর তালিকা :

- (১) স্ট্যান্ডার্ড ব্লাড গ্রুপিং সিরাম-এ্যান্টি-এ, এন্টি-বি, এ্যান্টি এবি ও এ্যান্টি-ডি (নির্দেশিত কন্ট্রোলসহ) রিসাস্ টাইপিং সিরাম বিভিন্ন ব্রান্ডের বিভিন্ন পরিমাণের হইতে হইবে বা একই ব্রান্ডের হলে ব্যাচ নং/লট নং বিভিন্ন হইতে হইবে ;
- (২) সিফিলিস এর সিরোলজি রিএজেন্টস এবং পজিটিভ কন্ট্রোল সিরাম ;
- (৩) হেপাটাইটিস টেস্ট রিএজেন্টস্ এবং পজিটিভ কন্ট্রোল সিরাম ;
- (৪) এন্টি হিউম্যান গ্লোবিউলিন সিরাম (কুৎস সিরাম) ;
- (৫) বোভাইন এলবুমিন -----২২%
- (৬) এনজাইম রিএজেন্টস্-(ইনকমপ্লিট এ্যান্টি বডি নির্ণয়ের জন্য)
- (৭) এইচ আই ভি-১ ও ২ রিএজেন্টস (এইডস্ পরীক্ষার জন্য)
- (৮) হেপাটাইটিস্ ও এইচ আই ভি-১ ও ২ পরীক্ষার জন্য এলিজা ও সিফিলিস (জচএক্স) টেস্টস্ কিটস্ ।
- (৯) ম্যালেরিয়ার জীবাণু পরীক্ষার রিএজেন্টস্
- (১০) নরম্যাল স্যালাইন (লিস ও পি বি এস)
- (১১) ল্যাবরেটরী গ্লাসওয়ার পরিকার করার জন্য ডিটারজেন্ট এবং ল্যাবরেটরীতে ব্যবহৃত অন্যান্য সলিউশন- যেমন-কপার সালফেট সলিউশন, ব্রিচিং পাউডার, স্যাভলন, আয়োডিন, স্পিরিট, ভীম, লিকুইড সোপ, অন্যান্য ওয়াশ ইত্যাদি ;

(ছ) নিম্নে উল্লেখিত রিএজেন্ট, কেমিক্যালস্ ও সাপ্লাইসের প্রতি ব্যাচের/লটের সূচক স্যাম্পল সমূহের কার্যকারিতার পরীক্ষা নিয়মিতভাবে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিয়ার (SOP) ম্যানুয়ালের নির্দেশিকা অনুসারে নিম্নলিখিত তালিকা অনুযায়ী করিতে হইবে :

- (১) এন্টি হিউম্যান সিরাম ---প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (২) ব্লাড গ্রুপিং সিরাম সমূহ ---প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (৩) লেকটিন --- প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (৪) এন্টিবডি স্ক্রীনিং ও রিভার্স গ্রুপিং সেল --- প্রতিদিন ব্যবহারের পূর্বে

- (৫) হেপাটাইটিস টেস্ট রিএজেন্টস্ --- প্রতি ব্যাচ/প্রতি লট
- (৬) সিফিলিস এর সিরোলজি রিএজেন্টস্ --- প্রতি ব্যাচ/প্রতি লট
- (৭) এনজাইমস্ --- প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (৮) এইচ আই ভি-১ ও ২ রিএজেন্টস্ --- প্রতি ব্যাচ/প্রতি লট
- (৯) নরম্যাল স্যালাইন (লিস ও পি বি এস) --- প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (১০) বোভাইন এলবুমিন --- প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (১১) ম্যালেরিয়ার রিএজেন্টস্ --- প্রতিদিন ব্যবহারের পূর্বে
- (১২) কপার সালপেট সলিউশন --- প্রতিদিন ব্যবহারের পূর্বে।

৮। বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র পরিচালনার শর্তাবলী।—রক্ত সংগ্রহ ও প্রসেসিং বা সংগৃহীত রক্ত হইতে রক্তের বিভিন্ন উপাদান প্রস্তুতকরণ, তৈরী এবং বিক্রয় বা বিতরণের নিমিত্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র নিম্নরূপ শর্ত সাপেক্ষে পরিচালনা করিতে হইবে, যথা :—

- (ক) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ কখনও কোন সময় পেশাদার রক্তদাতা বা অর্ধের বিনিময় রক্ত দাতা হইতে রক্ত সংগ্রহ করিবে না অথবা এইরূপ রক্তদাতার রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ, সংরক্ষণ বিক্রয় বা বিতরণ করিবে না ;
- (খ) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ কখনও কোন সময় উপযুক্ত রক্তদাতা হইতে রক্ত সংগ্রহের পর রক্তের ক্রসম্যাচিংসহ প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা এবং রক্ত বাহিত রোগের জীবাণু যথা- এইডস্, হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, ম্যালেরিয়া এবং সিফিলিস ইত্যাদি রোগের জীবাণুর উপস্থিতির পরীক্ষা নিশ্চিত না করিয়া রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী সরবরাহ, বিক্রয় বা বিতরণ করিবে না ;
- (গ) লাইসেন্স গ্রহণকারীকে লাইসেন্স এবং লাইসেন্স নবায়নের সার্টিফিকেটের (প্রযোজ্য ক্ষেত্রে) কপি অনুমোদিত কেন্দ্রে লটকাইয়া রাখিতে হইবে ;
- (ঘ) টেকনিক্যাল স্টাফ নিয়োগের কোন পরিবর্তন হলে তা সাথে সাথে লাইসেন্সিং গ্রহীতা কর্তৃক কর্তৃপক্ষ লাইসেন্সিং কর্তৃপক্ষকে জানাইতে হইবে ;
- (ঙ) লাইসেন্স গ্রহীতাকে লাইসেন্সের আওতায় পরিচালিত কেন্দ্রের গঠনতন্ত্রের কোন পরিবর্তন তাৎক্ষণিকভাবে লাইসেন্সিং কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাইতে হইবে ;
- (চ) কেন্দ্রের গঠনতন্ত্রে পরিবর্তনের তারিখ হইতে পূর্বের লাইসেন্স কেবল মাত্র তিন মাসের জন্য বলবৎ থাকিবে এবং তিন মাসের মধ্যে কেন্দ্রের পরিবর্তিত গঠনতন্ত্র অনুযায়ী কেন্দ্রের নামে নতুন লাইসেন্স গ্রহণ করিতে হইবে, অন্যথায় লাইসেন্সিং কর্তৃপক্ষ তিনমাস পর লাইসেন্স বাতিল পূর্বক কেন্দ্রের কার্যক্রম বন্ধের ব্যবস্থা নিবে।

৯। রক্ত পরিসঞ্চালন সেবা।—বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের রক্ত পরিসঞ্চালন জনিত সেবা নিম্নরূপ হইবে, যথা :—

- (ক) বহির্বিভাগ সেবা :- লাইসেন্স প্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র, বেসরকারী হাসপাতাল/ ক্লিনিকের লাইসেন্স প্রাপ্ত রক্ত পরিসঞ্চালন কেন্দ্র লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বহির্বিভাগ সেবার মাধ্যমে রক্ত/রক্তের উপাদান/রক্তজাত সামগ্রীর শূন্যতা জনিত/স্বল্পতা জনিত/ ক্রটিজনিত রোগসমূহ নিরূপনসহ বিশেষজ্ঞ সেবা প্রদান করিতে হইবে ;
- (খ) ডে- কেয়ার ট্রান্সফিউশন সেবা : রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ/ প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার ব্যতীত রক্ত/রক্তজাত সামগ্রী পরিসঞ্চালন/প্রয়োগ করা যাইবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনকৃত বেডসহ ডে- কেয়ার ট্রান্সফিউশন ওয়ার্ডের মাধ্যমে বিশেষজ্ঞের তত্ত্বাবধানে রক্ত পরিসঞ্চালন জনিত সেবা প্রদান করা যাইবে। উল্লেখ থাকে যে, উক্ত ডে- কেয়ার ট্রান্সফিউশন ওয়ার্ডে মুমূর্ষু ও জরুরী রোগীর জন্য অক্সিজেনের ব্যবস্থাসহ সি,পি, আর এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা থাকিতে হইবে।

(২) বেসরকারী হাসপাতাল, ক্লিনিকে রক্তের গ্রুপিং, ক্রসম্যাচিং, স্ক্রীনিং ও অন্যান্য পরীক্ষা নিরীক্ষার রিপোর্ট প্রদান এবং রক্তের গ্রুপিং, স্ক্রীনিং, ক্রসম্যাচিংসহ রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রের সংশ্লিষ্ট রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ/মেডিকেল অফিসার ও মেডিকেল টেকনোলজিস্ট এর যৌথ স্বাক্ষরে সরবরাহ করিতে হইবে। তবে জীবন রক্ষার্থে/জরুরী ক্ষেত্রে বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে কর্মরত ডাক্তার ও মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) এর মাধ্যমে সরবরাহ করা যাইবে। অতি জরুরী প্রয়োজনে মুমূর্ষু রোগীর জীবন রক্ষার ক্ষেত্রে ব্লাড গ্রুপিং, স্ক্রীনিং, ক্রসম্যাচিংসহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করিয়া রক্ত, রক্তের উপাদান, রক্তজাত সামগ্রী সরবরাহ ও পরিসঞ্চালনের ক্ষেত্রে রক্ত পরিসঞ্চালন বিভাগের দায়িত্বপ্রাপ্ত/কর্তব্যরত চিকিৎসকের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১০। রক্ত পরিসঞ্চালন সেবা ফিস :- বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে, ক্লিনিকে রক্তের গ্রুপিং, ক্রসম্যাচিং, স্ক্রীনিং ও অন্যান্য পরীক্ষার জন্য নিম্নরূপ সেবা ফিস প্রদান করিতে হইবে, যথা :-

- (ক) রক্ত, রক্ত উপাদানের গ্রুপিং, ক্রসম্যাচিং ও স্ক্রীনিং চার্জের ক্ষেত্রে প্রতি ব্যাগের জন্য সার্ভিস চার্জ ৫০০ (পাঁচশত) টাকা প্রদান করিতে হইবে/পর্যন্ত ধার্য করা যাইবে;
- (খ) রক্ত, রক্ত উপাদানের গ্রুপিং, ক্রসম্যাচিং ও স্ক্রীনিং চার্জের ক্ষেত্রে প্রতি ব্যাগের জন্য সার্ভিস চার্জ ৭০০ (সাতশত) টাকা প্রদান করিতে হইবে/পর্যন্ত ধার্য করা যাইবে;
- (গ) রক্ত পরিসঞ্চালনের সার্ভিস চার্জ প্রতি ইউনিট ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা প্রদান করিতে হইবে/পর্যন্ত ধার্য করা যাইবে;
- (ঘ) রক্ত, রক্তের উপাদান, রক্তজাত সামগ্রী পরিসঞ্চালন, প্রয়োগ, রক্ত পরিসঞ্চালন সম্পর্কিত বিশেষজ্ঞ সেবা ফিস ৫০০ (পাঁচশত) টাকা প্রদান করিতে হইবে/পর্যন্ত ধার্য করা যাইবে;

(ঙ) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ/লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র কখনও কোন সময় পেশাদার রক্তদাতা বা অর্থের বিনিময়ে রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ করিবে না অথবা এইরূপ রক্তদাতার রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, তৈরী, বিক্রয় বা বিতরণ করিবে না;

(চ) লাইসেন্স গ্রহণকারী কর্তৃপক্ষ/লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র কখনও কোন সময় উপযুক্ত রক্তদাতা হইতে রক্ত সংগ্রহের পর রক্তের ক্রসম্যাচিংসহ প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা এবং রক্ত বাহিত রোগের জীবাণু যথা- এইডস, হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, ম্যালেরিয়া এবং সিফিলিস ইত্যাদি রোগের জীবাণুর উপস্থিতির পরীক্ষা নিশ্চিত না করিয়া রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সামগ্রী সরবরাহ, বিক্রয় বা বিতরণ করিবে না।

(৪) রুটিন পরীক্ষা-নিরীক্ষার ফিস নিম্নরূপ, যথা :-

গ্রুপিং চার্জ (এবিও)	=	১০০ টাকা
ক্রস ম্যাচিং	=	২০০ টাকা
রিসাস্ (ডি) ফ্যাক্টর	=	১৫০ টাকা
কুন্স্ টেস্ট (ডাইরেক্ট)	=	১০০ টাকা
কুন্স্ টেস্ট (ইনডাইরেক্ট)	=	২৫০ টাকা

(৫) বিশেষ পরীক্ষা-নিরীক্ষার ফিস নিম্নরূপ, যথা :-

রিসার্স এন্টিবডি নির্ণয়ের চার্জ	=	২০০ টাকা
এন্টিবডি টাইটার	=	৪০০ টাকা
অন্যান্য এন্টিবডি নির্ণয়ের চার্জ	=	৩০০ টাকা
সন্দেহজনক পিত্ত্ব নির্ণয়ের চার্জ (এবিও, রিসার্স গ্রুপিং অন্যান্য ব্লাড গ্রুপস্ ও কুন্স পরীক্ষাসহ প্রতিজন)	=	৩০০০ টাকা

(৬) সন্দেহজনক পিত্ত্ব নির্ণয়ের জন্য বিশেষ প্রয়োজনে এইচ,এল, এ, টাইপিং ও সিরাম প্রোটিন এর ফিস হইবে নিম্নরূপ, যথা :-

রিসার্স (বড় 'সি') ফ্যাক্টর	=	১০০ টাকা
রিসার্স (ছোট 'সি') ফ্যাক্টর	=	১০০ টাকা
রিসার্স (বড় 'ই') ফ্যাক্টর	=	১০০ টাকা
রিসার্স (ছোট 'ই') ফ্যাক্টর	=	১০০ টাকা
রিসার্স্ জেনোটাইপ ও ফেনোটাইপ	=	৫০০ টাকা

এনজাইম/এলবুমিন প্রতিটি টেস্ট চার্জ	=	১০০ টাকা
ম্যালেরিয়াল প্যারাসাইট (স্লাইড)	=	৫০ টাকা
ম্যালেরিয়াল প্যারাসাইট (ইমিউনোক্রোমাটোগ্রাফিক মেথড)	=	২৫০ টাকা
ভিডিআরএল টেস্ট	=	১০০ টাকা
এইচবিএসএজি (লেটেক্স)	=	১০০ টাকা
এইচবিএসএজি (এর্লাইজা)	=	৪৫০ টাকা
এইচআইভি (এলাইজা)	=	৪০০ টাকা
এইচআইভি (র্যাপিড)	=	২০০ টাকা
এইআইভি (ওয়ার্টার্ন ব্লট)	=	৩০০০ টাকা
এইচসিডি (র্যাপিড)	=	৩০০ টাকা
এইচসিডি (এরাইজা)	=	৪০০ টাকা
এবিএইচ সিরেরেটর স্ট্যাটাস	=	২০০ টাকা
হোমোলাইসিন টেস্ট	=	১০০ টাকা
রিসার্স ডি ইউ টেস্ট	=	৪০০ টাকা
রিসার্স ডি নেগেটিভ টেস্ট (কনফারমেরি)	=	৪০০ টাকা
হিমোগ্লোবিন%, টি, সি ; ডি, সি ; ইএসআর	=	১৫০ টাকা
হিমোগ্লোবিন ইণ্ডিকেশন	=	৫০ টাকা
পেরিফেরাল ব্লাড ক্রিম	=	১০০ টাকা
প্রেটলেট কাউন্ট	=	১৫০ টাকা
আর, বি, সি, (টোটাল)	=	৫০ টাকা
এবস্যালিউট ভেলু (প্রতিটি)	=	৫০ টাকা
হিমাটোক্রিট ভেলু	=	৫০ টাকা
কোয়াণ্ডলেশন টাইম	=	৩০ টাকা
প্রোথোমরিন টাইম	=	২০০ টাকা
থ্রোম্বিন টাইম	=	২০০ টাকা
পি, টি, টি,	=	৩০০ টাকা
এ, পি, টি, টি	=	৩০০ টাকা

ক্রুট রিট্রাকশন	=	১০০ টাকা
ওসমোটিক ফ্রাজিলিটি টেস্ট	=	২৫০ টাকা
হিমোগ্লোবিন ইলেকট্রোফোরেসিস	=	৫০০ টাকা
ফেক্টর এ্যাসে প্রতিটি	=	৬০০ টাকা
প্লেটলেট ফাংশন টেস্ট	=	৬০০ টাকা
এন্টি এইচ বি ই	=	৪৫০ টাকা
এন্টি-এইচ বি এস	=	৪৫০ টাকা
এন্টি-এইচ সি ডি	=	৪৫০ টাকা
টোটাল প্রোটিন	=	৭০ টাকা
গ্লোবিউলিন	=	৩০ টাকা
সিরাম ইলেকট্রোলাইট	=	২৫০ টাকা
সিরাম পটাসিয়াম	=	৭০ টাকা
সিরাম এলবুমিন	=	৭০ টাকা
সিরাম সোডিয়াম	=	৭০ টাকা
সিরাম ক্লোরাইড	=	৭০ টাকা
সিরাম ক্যালসিয়াম	=	৭০ টাকা
সিরাম ফসফেট	=	৭০ টাকা
সিরাম আয়রন	=	২৫০ টাকা
ব্লাড কালচার	=	৫০০ টাকা
এইচ এল এ টাইপিং (এ, বি এবং সি)	=	১৫০০ টাকা
এইচ এল এ ক্রসম্যাচ	=	৬০০ টাকা
এইচ এল এ বি ২৭	=	১০০০ টাকা
এইচ এল এ-এ, বি, সি	=	৭০০০ টাকা
এইচ এল এ-ডি আর	=	৫০০০ টাকা
এইচ এল এ-ডি কিউ	=	৫০০০ টাকা
এইচ এল এ-ডি পি	=	৫০০০ টাকা

(৭) কণ্ঠলেশন টেস্ট/হেমাটোলজিকেল টেস্ট/ইলেক্ট্রো ফরেসিস/এ্যাকফরেসিস ও ট্রান্সফিউশন মেডিসিন সংক্রান্ত যাবতীয় অন্যান্য পরীক্ষা যেমন- এইচএলএ, ম্যালেরিয়াল এন্টিবডি, হেপাটাইটিস-বি এর অন্যান্য সিরোজিকেল টেস্ট, সিএমডি, সিরাম বিলিন্গবিন, হিমোগ্লোবিন ও ক্লাই-হাওয়ার টেস্ট প্রভৃতির জন্য সরকার নির্ধারিত হারে রিএজেন্ট এর প্রকৃত খরচ অনুসারে ধার্য করা যাইবে। উক্ত

চার্জসমূহ যা উল্লেখ করা হয় নাই এবং বিশেষজ্ঞ সেবা ফিস ও অন্যান্য বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার চার্জ সমূহ জাতীয় নিরাপদ রক্ত পরিসঞ্চালন কমিটি নির্ধারণ করিবে।

১১। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে পারিপার্শ্বিক অবস্থাগত শর্তাবলী।—(১) রক্তপরিসঞ্চালন কেন্দ্রের জন্য নির্ধারিত স্থানের পার্শ্বে কোন প্রকার উন্মুক্ত নর্দমা, সুয়ারেজ, গণশৌচাগার, ময়লা আবর্জনা ফেলার স্থান থাকিতে পারিবে না। রক্তপরিসঞ্চালন কেন্দ্রের জন্য তৈরী ঘর স্বাস্থ্য সম্মত, পর্যাপ্ত আলো-বাতাস সম্পন্ন হইতে হইবে এবং মশা-মাছি, অন্যান্য কীটপতঙ্গ ও কোন প্রকার জীবজন্তু প্রবেশ করিতে না পারে এমন ব্যবস্থা থাকিতে হইবে। কক্ষগুলি সুয়ারেজ/ড্রেনের সাথে এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে ড্রেন/সুয়ারেজের ময়লা ভিতরে প্রবেশ করিতে না পারে।

(২) রক্তপরিসঞ্চালন কেন্দ্রে কর্মরত ব্যক্তিবর্গকে সংক্রামক ও ছোঁয়াচে রোগ মুক্ত হইতে হইবে। কর্মরত অবস্থায় পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক যথা এ্যাপ্রন, জীবাণুমুক্ত গ্লাভস, মাস্ক ও মাথার ক্যাপ পরিধান করিতে হইবে।

১২। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের জন্য মানসম্পন্ন কার্যপ্রণালী।—(১) প্রতিটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের জন্য রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং, কমপ্যাটাবিলিটি টেস্টিং, রক্ত সংরক্ষণ এবং রক্ত বিক্রয় বা বিতরণ অথবা হেমোলোগাস/অটোলোগাস রক্ত পরিসঞ্চালন এর নিমিত্ত রক্তের উপাদান প্রস্তুতকরণ বা পৃথিকীকরণ এবং এই জাতীয় রক্তজাত সামগ্রী উৎপাদন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করিতে নিম্নবর্ণিত মানসম্পন্ন কার্য প্রণালী থাকিবে, যথা :-

- (ক) রক্তদাতার উপযুক্ততা নির্ণয়ের কার্যপ্রণালী/বেশিষ্টসমূহ ;
- (খ) রক্তদাতার উপযুক্ততা পরীক্ষার পদ্ধতি এবং পরীক্ষা বা পদ্ধতির সর্বনিম্ন ও সর্বোচ্চ মানের বিন্যাস যা রক্তদাতা নির্ণয়ের সহায়ক ;
- (গ) রক্তদাতা হইতে জীবাণুমুক্ত উপায়ে নিরাপদ রক্ত সংগ্রহের জন্য রক্তদাতার ফ্লেবোটমীর স্থান প্রস্তুতকরণে সলিউশনের নামসহ পদ্ধতির বিবরণ;
- (ঘ) রক্তদাতা হইতে বিশেষ প্রক্রিয়ায় রক্তের বিশেষ উপাদান পৃথিকীকরণের ক্ষেত্রে অন্যান্য উপাদানসমূহ সেই রক্তদাতার শরীরে সঠিকভাবে পুনঃসঞ্চালন পদ্ধতির বিবরণ;
- (ঙ) রক্তদাতা হইতে জীবাণুমুক্ত উপায়ে নির্দিষ্ট নিয়মে পরিমিত পরিমাণে রক্ত সংগ্রহের বিবরণ;
- (চ) রক্তের উপাদান প্রস্তুতকরণ পদ্ধতির বিভিন্ন ধাপের বিবরণ (সময় নির্ধারণসহ);
- (ছ) রক্ত ও রক্তের উপাদান সমূহের প্রসেসিং-এর সময় করণীয় সকল পরীক্ষা ও পুনঃ পরীক্ষার বিবরণ;
- (জ) রক্তপরিসঞ্চালনের পূর্বে যে সমস্ত পরীক্ষা-নিরীক্ষা করা প্রয়োজন সে সমস্ত প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা পদ্ধতির বিবরণ;
- (ঝ) রক্তদাতার রক্তদান জনিত প্রতিক্রিয়া এবং রক্তগ্রহীতার রক্ত পরিসঞ্চালনজনিত প্রতিক্রিয়ার জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন ও চিকিৎসা ব্যবস্থাপনার বিবরণ;

- (এ) রক্ত, রক্তের উপাদান ও রিএজেন্ট ইত্যাদির সংরক্ষণ তাপমাত্রা এবং তাপমাত্রার নিয়ন্ত্রণ পদ্ধতির বিবরণ;
- (ট) রক্ত, রক্তের উপাদান, রক্তজাত সামগ্রী, রিএজেন্ট ইত্যাদির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ ও সময়ের বিবরণ;
- (ঠ) পরিসঞ্চালনের জন্য সরবরাহকৃত রক্ত পুনরায় রক্তপরিসঞ্চালন কেন্দ্রে ফেরত আসিলে তা পুনরায় পরিসঞ্চালন যোগ্য কিনা ইত্যাদি পরীক্ষা পদ্ধতির বিবরণ;
- (ড) রক্ত দাতা হইতে রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিংসহ সরবরাহ ও পরিসঞ্চালনের নিমিত্তে বিধি সম্মত উপায়ে সংরক্ষণের বিবরণ;
- (ঢ) রক্ত সংগ্রহ, প্রসেসিং এবং রক্ত পুনঃপরিসঞ্চালনের জন্য পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে যে সকল রিএজেন্টস্ এবং সাপ্রাইস ব্যবহার করা হয় সেগুলোর মান নিয়ন্ত্রণ পদ্ধতির বিবরণ;
- (ণ) যন্ত্রপাতি সমূহের রক্ষণাবেক্ষণ, ক্যালিব্রেশন এবং পর্যবেক্ষণ ইত্যাদি সিডিউল এবং পদ্ধতি সমূহের বিবরণ;
- (ত) লেবেল সমূহ সঠিক ও যথাযথভাবে ব্যবহার করার জন্য লেবেলিং পদ্ধতি সমূহের বিবরণ;
- (থ) প্লাজমাফেরেসিস, প্রোটলেটফেরেসিস ও লিউকাফেরেসিস এর পদ্ধতির বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)-সংশ্লিষ্ট রক্তদাতার লোহিত কণিকা সর্তকতার সহিত রক্তদাতার শরীরে পুনঃ-সঞ্চালন পদ্ধতির বিবরণ;
- (দ) রক্ত, রক্তের উপাদান হইতে পৃথকীকরণ পদ্ধতির মাধ্যমে রিকোভারড্ (স্যালভেজড্) প্লাজমা প্রস্তুতকরণ, পুলিশিং, লেবেলিং, সংরক্ষণ এবং বিতরণ ইত্যাদি বিষয়ের দফাওয়ারী বিবরণ;
- (ধ) রক্ত, রক্তের উপাদান, রক্তজাত সামগ্রী, রিএজেন্টস্, কেমিক্যালস্ ইত্যাদি প্রতিটি ব্যাচ/লট বা ইউনিটের বিবরণ রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে এবং তা বিতরণ, বিক্রয় বা সরবরাহ ইত্যাদি কার্যক্রম গ্রহণের সময় বা কার্যক্রম গ্রহণের পরে সম্পন্ন বা আংশিক ভাবে মিলাইয়া দেখিতে হইবে। পুনরায় রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ, সরবরাহ, পরিসঞ্চালন, বিক্রয় বা বিতরণের পূর্বে বা পরে নির্দিষ্ট সময় অন্তর আংশিক বা পূর্ণভাবে মিলাইয়া দেখিতে হইবে। উক্ত কার্যক্রমে কোন লট/ব্যাচ বা ইউনিটে অসামঞ্জস্য/তারতম্য পরিলক্ষিত হলে, কোন লট/ব্যাচ বা ইউনিট কোন বৈশিষ্ট্য পূরণ করতে ব্যর্থ হলে তা পূর্ণ তদন্তপূর্বক মন্তব্য সহকারে পরবর্তী ফলো-আপ এর জন্য অবশ্যই লিপিবদ্ধ করিতে হবে।

(২) প্রতিটি কার্যক্রমের জন্য অনুসরণীয় পদ্ধতি সহজ ভাষায় কাজের ক্রমানুসারে লিপিবদ্ধ থাকিবে।

(৩) উক্ত মান সম্পন্ন কার্যপ্রণালীসমূহ প্রতিটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের সংশ্লিষ্টদের নিকট এবং ল্যাবরেটরীর সংশ্লিষ্ট এলাকাতে সার্বক্ষণিক সংরক্ষণের ব্যবস্থা থাকিবে।

(৪) বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র উপবিধি (১) এ বর্ণিত কার্যপ্রণালী অনুসরণসহ সর্বশেষ আধুনিক মানসম্পন্ন কার্যপ্রণালী এবং নিম্ন বর্ণিত ম্যানুয়েল, মডিউল ইত্যাদি অনুসরণ করিবে, যথা :—

- (ক) নিরাপদ রক্ত পরিসঞ্চালন-মডিউল, ডিজি এইচ এস, ঢাকা;
- (খ) রক্ত পরিসঞ্চালন সংক্রান্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রণীত মডিউলসমূহ;
- (গ) লাইসেন্সিং কর্তৃপক্ষ অনুমোদিত রক্ত পরিসঞ্চালন সংক্রান্ত অন্যান্য ম্যানুয়েল, মডিউল ও টেকস্ট বইসমূহ।

১৩। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্তদাতার উপযুক্ততা।— নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে একজন সুস্থ ব্যক্তি রক্ত দান করিতে পারিবে, যথা :—

(ক) কোন সুস্থ ব্যক্তি যাহার বয়স ১৮-৬০ বৎসর, হীমোগ্লোবিন কমপক্ষে ৭৫% অথবা পুরুষের ক্ষেত্রে ১২.৫ গ্রাম/১০০এমএল, মহিলাদের ক্ষেত্রে ১১.৫ গ্রাম/ ১০০এমএল, ওজন কমপক্ষে ৪৫ কেজি, রক্তচাপ স্বাভাবিক ঔষধ ব্যতীত। তিনি প্রতি ৩(তিন) থেকে ৪(চার) মাস অন্তর রক্তদান করিতে পারিবেন;

(খ) যে কোন রক্তদাতা প্রতি তিন মাস অন্তর একবারের বেশী লাইসেন্সপ্রাপ্ত রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে রক্তদান করিবে না বা কোন লাইসেন্সপ্রাপ্ত রক্ত পরিসঞ্চালন কেন্দ্র অনুরূপ ভাবে প্রতি তিন মাসে একবারের বেশী কোন রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ করিবে না। একজন রক্তদাতাকে হইতে হইবে সুস্বাস্থ্যের অধিকারী, মানসিক ও শারীরিক যোগ্যতা সম্পন্ন, তিনি জেলখানার কয়েদী নহেন, নিষিদ্ধ ঔষধের প্রতি আসক্ত নহেন বা বহুগামী নহেন এবং রক্তদানের ক্ষেত্রে তাহার জন্য অনুসরণীয় শর্তসমূহ নিম্নরূপ হইবে, যথা :—

- (১) রক্তদাতার বয়স হইবে ১৮ হইতে ৬০ বছরের মধ্যে;
- (২) রক্তদাতার ওজন ৪৫ কেজি বা ১০০ পাউন্ডের নীচে হইবে না;
- (৩) রক্তদাতার শারীরিক তাপমাত্রা ও নাড়ীর গতি স্বাভাবিক থাকিবে (তাপমাত্রা- ৯৯.৫ ডিগ্রী ফারেনহাইট এর নীচে এবং নাড়ীর গতি-প্রতি মিনিটে ৬০ হইতে ১০০ বার);
- (৪) রক্তচাপ স্বাভাবিক মাত্রার মধ্যে থাকিবে (ঔষধ ব্যতীত)। (সিস্টোলিক ব্লাড প্রেসার ১০০মিমি হইতে ১৮০ মিমি মার্করী এবং ডায়াস্টোলিক ব্লাড প্রেসার ৬০মিমি হইতে ১০০মিমি মার্করীর মধ্যে থাকিবে);
- (৫) হীমোগ্লোবিন কমপক্ষে ৭৫% থাকিতে হইবে। (অথবা পুরুষের ক্ষেত্রে ১২.৫ গ্রাম/১০০এমএল, মহিলাদের ক্ষেত্রে ১১.৫গ্রাম/১০০এমএল থাকিবে।);
- (৬) রক্তদাতার শ্বাসযন্ত্রের প্রদাহ জনিত রোগসমূহ থাকিবে না;
- (৭) রক্তদাতা কোন প্রকার চর্মরোগে ভুগিবে না বিশেষ করিয়া রক্ত সংগ্রহের স্থান সমূহে;

- (৮) রক্তদাতার রক্তে পরিসঞ্চালন জনিত সংক্রামিত রোগ থাকিবে না;
- (৯) রক্তদাতার হাত এবং বাহুতে প্রফেশনাল ব্লাড ডোনার বা নেশা জাতীয় ইনজেকশন প্রয়োগ জনিত স্কার মার্ক এবং চর্মে এরূপ স্কার মার্ক বা কোন ছিদ্র থাকিবে না।
- (গ) নিম্নবর্ণিত নির্দেশিকার শর্ত ও সময় অনুসারে কোন রক্ত পরিসঞ্চালন কেন্দ্র রক্তদাতা হইতে নির্দিষ্ট সময়ের জন্য রক্ত সংগ্রহ করিবে না বা কোন রক্তদাতা এরূপ নির্দিষ্ট সময়ের জন্য কোন রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে রক্তদান করিবে না, যথা :-

	শর্তসমূহ	নির্দিষ্ট সময়
(১)	এবরশন	০৬ মাসের জন্য;
(২)	রক্ত পরিসঞ্চালন	০৬/১২ মাসের জন্য;
(৩)	সার্জারী	০৬/১২ মাসের জন্য;
(৪)	টাইফয়েড	রোগমুক্তির ১২ মাস পর;
(৫)	ম্যালেরিয়া জ্বর ও চিকিৎসার ইতিহাস	০৩ মাস এনডেমিক ও ০৩ বছর ননএনডেমিক এলাকার জন্য প্রযোজ্য
(৬)	ট্যাটু মার্ক	০৬ মাসের জন্য;
(৭)	ব্রেস্ট ফিডিং	সন্তান জন্মের ০৬/১২ মাস পর;
(৮)	ইমুনাইজেশন (কলেরা টাইফয়েড, ডিপথেরিয়া, টিটিনাস, প্রেগ, গামাগ্লোবিউলিন)	১৫ দিনের জন্য;
(৯)	রেবিস্ ভ্যাক্সিনেশন	ভ্যাক্সিনেশনের ১২ মাস পর;
(১০)	পরিবারে হেপাটাইটিসের সংক্রমন বা সংক্রামিত ব্যক্তির সহিত সহাবস্থান	১২ মাস;
(১১)	ইমিউনোগ্লোবিউলিন	১২ মাসের জন্য;
(১২)	আনডুলেন্ট ফিভার	২৪ মাসের জন্য;
(১৩)	দাঁত উঠানো	০২ সপ্তাহের জন্য;
(১৪)	চর্মরোগ (একজিমা)	আরোগ্য হলে;
(১৫)	নিষিদ্ধ ঔষধের প্রতি আসক্ত	সম্পূর্ণ সুস্থ হলে;
(১৬)	গর্ভাবস্থা সন্তান প্রসবের	০৬ মাস পর;
(১৭)	লোকাল ইনফেকশন	সেরে গেলে;

	শর্তসমূহ	নির্দিষ্ট সময়
(১৮)	মাসিকের অবস্থায়	সেরে গেলে;
(১৯)	সাধারণ সর্দি জ্বর (কমন কোল্ড)	সেরে গেলে;
(২০)	রক্তদাতা কর্তৃক রক্ত দান	সর্বনিম্ন তিন মাসে একবার, পুরুষ রক্তদাতা বছরে ০৪ বার এবং মহিলা রক্তদাতা বছরে ০৩ বার রক্তদান করিবে;

(ঘ) কোন ব্যক্তি নিম্নবর্ণিত যে কোন রোগে আক্রান্ত হলে তিনি কোন রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে রক্তদান করিবেন না বা কোন রক্তপরিসঞ্চালন কেন্দ্র এরূপ ব্যক্তির নিকট হতে রক্ত সংগ্রহ করিবে না, যথা :-

- (১) ক্যান্সার;
- (২) হৃদরোগ;
- (৩) রক্তক্ষরণ জনিত রোগ;
- (৪) অস্বাভাবিক ওজন কমে যাওয়া;
- (৫) ইনসুলিন নিয়ন্ত্রিত ডায়াবেটিস;
- (৬) হেপাটাইটিস বি এর সংক্রমণ;
- (৭) ক্রনিং নেফরাইটিস;
- (৮) এইচ আই ভি এর সংক্রমণ/এইডস রোগ;
- (৯) লিভার এর রোগ;
- (১০) যক্ষ্মা রোগ;
- (১১) পলিসাইথেমিয়া ভার্যা;
- (১২) এ্যাজমা;
- (১৩) মৃগী রোগ;
- (১৪) লেপটোসাইটিস;
- (১৫) সিজোফ্রেনিয়া;
- (১৬) রিউম্যাটিক ফিভার;
- (১৭) সিফিলিসের সংক্রমণ;
- (১৮) এন্ডোক্রাইন ডিজওডারসমূহ;
- (১৯) হেপাইটিস-সি এর সংক্রমণ;

- (ঙ) রক্তদাতা রক্তদানের পূর্বশর্ত নির্ধারণ, রক্তদাতা নির্বাচন ও রক্ত সংগ্রহ ইত্যাদি বিষয়ক কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সব সময় বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইন্টারন্যাশনাল সোসাইটি অব ব্লাড ট্রান্সফিউশন কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণ করিতে হইবে এবং সর্বশেষ আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য নিরাপদ রক্ত পরিসঞ্চালন মডিউল-ব্লাড স্ট্রীমিং, ডি জিএইচএস ম্যানুয়েল, বিশ্ব স্বাস্থ্য সংস্থা-কর্তৃক প্রণীত মডিউল ও লাইসেন্সিং কর্তৃপক্ষ অনুমোদিত অন্যান্য ম্যানুয়েল, মডিউল ও টেকস্ট বই অনুসরণ করিতে হইবে।

১৪। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ ও রক্তের স্যাম্পল সংগ্রহের পদ্ধতি —(১) নিম্নবর্ণিত পদ্ধতিতে রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ করিতে হইবে, যথা :—

- (ক) রক্ত সংগ্রহের জন্য রক্তদাতার দুই হাত কনুই পর্যন্ত জীবাণু মুক্ত বিজ্ঞান সম্মত স্বীকৃত পদ্ধতিতে পরিষ্কার করতঃ বিশেষ বিছানায় শোয়ানোর পর স্ফিগমোম্যানোমিটার কাফ ডান বা বাম হাতের বাহুতে বাধিতে হইবে;
- (খ) রক্ত সংগ্রহের জন্য জীবাণু মুক্তকরণ সরঞ্জাম, ব্লাড ব্যাগ, ব্লাড ব্যাগ ওজন যন্ত্র, স্পিরিট, কটন ও জরুরী চিকিৎসা সামগ্রী সম্বলিত একটি টেবিল রক্তদাতার শয্যার পাশে রাখিতে হইবে;
- (গ) কর্তব্যরত ডাক্তারের তত্ত্বাবধানে মেডিকেল টেকনোলজিষ্টকে হাতে জীবাণু মুক্ত গ্লাভস পরিধান করতঃ আর্টারি ফরসেপ, গজ ও স্পিরিট এর সাহায্যে ডান বা বাম হাতের এন্টিকিউবিটাল এরিয়াসহ পার্শ্ববর্তী চামড়ার কিছু অংশ পরিষ্কার করিতে হইবে। এবং সতর্কতার সাথে রক্তের ব্যাগের সাথে সংযুক্ত সূচ রক্তদাতার শিরায় প্রবেশ করাইতে হইবে;
- (ঘ) রক্ত সংগ্রহ চলাকালীন সময়ে দাতার শারীরিক সুবিধা/অসুবিধার বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিতে হইবে। ৬ হইতে ৮ মিনিটের মধ্যে এক ব্যাগ রক্ত সংগ্রহের কাজ সম্পন্ন করিতে হইবে;
- (ঙ) প্রতি ব্যাগে ৪৫০ এম. এল. এর বেশী রক্ত সংগ্রহ করা যাইবে না। সংগ্রহ শেষে ব্যবহৃত এন্টিকিউবিটাল এরিয়ার যত্ন লইতে হইবে এবং রক্তদাতাকে আরও ১০ মিনিট বিছানায় পূর্ণ বিশ্রামের নির্দেশনা দিতে হইবে। রক্তদাতার জন্য হালকা আপ্যায়ন, বিশ্রাম ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা রাখিতে হইবে। রক্তদাতা যাহাতে কর্তব্যরত ডাক্তার এর পরমর্শ পত্র ও অনুমতিক্রমে রক্ত সংগ্রহ কেন্দ্র ত্যাগ করেন উহা নিশ্চিত করিতে হইবে। সংগ্রহের পর রক্তের ব্যাগের উপর রক্ত সংগ্রহের তারিখ ও ব্যাগ নম্বার রক্তের গ্রুপ, গ্রুপের কালার (আন্তর্জাতিকভাবে স্বীকৃত) ও বিভিন্ন শ্রেণীর রক্ত সংগ্রহের জন্য ব্যাগের ব্যবহার নিশ্চিত করিতে হইবে।

(২) রক্তের স্যাম্পল সংগ্রহের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) স্যাম্পল সংগ্রহের সময়েই রোগীর পরিচিতি বিষয়ে নিশ্চিত হইতে হইবে;
- (খ) সংগৃহীত স্যাম্পল যথাযথভাবে লেবেলকৃত টেস্টটিউবে স্থানান্তরের সময়েই রোগীর নাম, বয়স, নিবন্ধন সংখ্যা, ওয়ার্ড/বেড বিষয়ক তথ্যাদি মিলিয়ে নিতে হইবে;

- (গ) লেবেলিং এর তথ্যাদি সর্বদা এক ও অভিন্ন হইতে হইবে;
- (ঘ) রক্তের স্যাম্পল সব সময়ে শুকনো, জীবাণুমুক্ত টেস্টটিউবে সংগ্রহ করতে হবে এবং তা ৫ মিলিমিটারের কম হইবে না;
- (ঙ) সিরিঞ্জ হইতে রক্তের স্যাম্পল টেস্টটিউবে স্থানান্তর করার পূর্বে সুচ খুলিয়া নিতে হইবে;
- (চ) নবজাতক/শিশুদের রক্তের স্যাম্পল সংগ্রহের ক্ষেত্রে পায়ের গোড়ালি বা কানের লতিকা হতে ডিসপোজেবল ল্যানসেট ব্যবহার করে ২০-৩০ ফোটা রক্ত (৫ মিলিলিটারের পরিবর্তে) সংগ্রহ করিতে হইবে;
- (ছ) স্যাম্পল সংরক্ষণ ৭২ ঘন্টা অতিক্রম হলে নতুন/ফ্রেশ স্যাম্পল প্রয়োজন হইবে;
- (জ) ব্লাড ব্যাংকে স্যাম্পল গ্রহণের পূর্বেই স্যাম্পলটি পচা, দুর্গন্ধযুক্ত নয় বা হীমোলাইসিস হয়নি ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইতে হইবে;
- (ঝ) Leaking Specimen অথবা Soiled Specimen কখনই টেস্টিং/প্রসেসিং এর জন্য ব্লাড ব্যাংকে গ্রহণ করা যাইবে না;
- (ঞ) সংগৃহীত স্যাম্পল গুলিতে যথাযথভাবে লেবেলিং করিতে হইবে।

১৫। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে নিরাপদ রক্তের সংরক্ষণ পদ্ধতি।—(১) প্রিজারভেটিভ অনুযায়ী সুনির্দিষ্ট সেলফ লাইফের সময় সীমা হইবে নিম্নরূপ, যথাঃ—

প্রিজারভেটিভ (Preservative)	সেলফ লাইফ (Shelf life)
এসিডি (ACD)	২১ দিন
সিপিডি (CPD)	২৮ দিন
সিপিডিএ১(CPDA ₁)	৩৫দিন

(২) গুণগতমান অক্ষুণ্ন রাখার জন্য রক্তের ব্যাগসমূহের সংরক্ষণের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথাঃ—

- (ক) + ২ (সেন্টিগ্রেড থেকে + ৮০ সেন্টিগ্রেড তাপমাত্রায় রক্ত সংরক্ষণ করা;
- (খ) রক্ত কখনই ডীপ ফ্রিজিং না করা;
- (গ) ব্লাড ব্যাংক রেফ্রিজারেটরের তাপমাত্রা সব সময় +২০ সেন্টিগ্রেড থেকে +৮০ সেন্টিগ্রেড-এর মধ্যে বজায় রাখার ব্যবস্থা করিতে হইবে। একই রেফ্রিজারেটরে রিএজেন্ট ও নমুনাসমূহ আলাদা কম্পার্টমেন্টে বা তাকে সংরক্ষণ করা যাইবে।

(৩) রেফ্রিজারেটরের সঠিক ব্যবহার ও রক্তের গুণগতমান নিশ্চিত করার পদ্ধতি হইবে নিম্নরূপ, যথাঃ—

- (ক) রক্ত সংরক্ষণ ও সরবরাহ ব্যতীত সবসময় রেফ্রিজারেটরের দরজা বন্ধ রাখিতে হইবে;

- (খ) রক্তের ব্যাগগুলো ফ্রিজের ভিতরে এমনভাবে সাজাইয়া রাখিতে হইবে যাহাতে কম্পার্টমেন্টে মুক্ত বাতাস ব্যাগের চারিদিকে বিরাজমান থাকে;
- (গ) রেফ্রিজারেটরের দরজার তাপমাত্রা $+20$ থেকে $+80$ সেন্টিগ্রেডের মধ্যে থাকে না বলিয়া দরজার তাকে কখনই রক্তের ব্যাগ রাখা যাইবে না।

(৪) রেফ্রিজারেটরের দৈনন্দিন তাপমাত্রার হ্রাস-বৃদ্ধির মনিটরিং ব্যবস্থাপনা ও প্রক্রিয়া থাকিতে হইবে। প্রয়োজনে রেফ্রিজারেটরের অটোএলামিং সিস্টেম লাগাইতে হইবে যেন প্রতিদিন কমপক্ষে দু'বার তাপমাত্রার হ্রাস-বৃদ্ধি রেকর্ড করা যায়। একটি থার্মোমিটার রেফ্রিজারেটরের ভিতরে রাখিয়া খুব সহজেই সকাল বিকাল রেফ্রিজারেটরের তাপমাত্রা রেকর্ড করা যায়। সকালের তাপমাত্রা ঠিকই আছে কিন্তু বিকালের রেকর্ডিং বেশী হইলে বোঝা যাইবে যে অপ্রয়োজনে বার বার হয়ত ফ্রিজটির দরজা খোলা হইয়াছে কিংবা খুলিয়া রাখা হইয়াছে। প্রতিটি রেফ্রিজারেটরের তাপমাত্রা সকাল বিকাল মনিটরিং করার ব্যবস্থা রাখার জন্য একটি চার্ট সংশ্লিষ্ট ফ্রিজের দরজার বাইরে ঝুলাইয়া রাখিয়া নিম্ন বর্ণিত ছক অনুযায়ী রেকর্ড সংরক্ষণ করা যাইতে পারে যথা :—

তারিখ	সময়	শেলফ	তাপমাত্রা	করণীয়
-----২০০৪	সকাল-৮টা	উঁচু	৪(সেঃ)	(
-----২০০৪	বিকেল-২টা	নীচু	১০০ সেঃ	যথাযথভাবে দেখতে হবে (৬ ঘন্টা পর পর)
-----২০০৪	রাত্র-৮টা	নীচু	৮(সেঃ)	(

১৬। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্ত, রক্তের বিভিন্ন উপাদান ও রক্তজাত সামগ্রীসমূহের প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা পদ্ধতি ও বিতরণ।—(১) প্রতিটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্রকে রক্ত সংগ্রহ, রক্তের উপাদান, রক্তজাত সামগ্রী প্রস্তুতকরণ বা পৃথকীকরণ, রক্তের প্রসেসিং, সংরক্ষণ এবং রোগী বা রক্ত গ্রহীতার শরীরে রক্ত বা রক্তের উপাদান পরিসঞ্চালনের জন্য বিক্রয়, বিতরণ বা সরবরাহের পূর্বে অবশ্যই প্রয়োজনীয় নির্দিষ্ট পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করিতে হইবে এবং তা মান সম্পন্ন কার্যপ্রণালী অনুযায়ী নির্দিষ্ট আধুনিক প্রযুক্তি/সর্বশেষ নির্দিষ্ট আধুনিক প্রযুক্তি অনুযায়ী হইতে হইবে। পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) লাইসেন্স প্রাপ্ত বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্রকে রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষাসহ সংরক্ষণ এবং সরবরাহের ক্ষেত্রে সরকার অনুমোদিত ফার্মাকোপিয়া অনুসারে কার্যক্রম পরিচালনা করার বিষয় নিশ্চিত করিতে হইবে। এ ক্ষেত্রে সর্বশেষ আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য নিরাপদ রক্ত পরিসঞ্চালন মডিউল-ব্রাড ক্রীনিং, ডি জিএইচএস ম্যানুয়েল, বিশ্ব স্বাস্থ্য সংস্থা-কর্তৃক প্রণীত মডিউল ও লাইসেন্সিং কর্তৃপক্ষ অনুমোদিত অন্যান্য ম্যানুয়েল, মডিউল ও টেকস্ট বই অনুসরণ করা যাইবে;

(খ) এ, বি, এবি এবং ও গ্রুপিং, রিসাস্ গ্রুপিং, রিসাস্-ডি গ্রুপিং ক্রসম্যাচিং, কমপ্যাটাবিলিটি টেস্টিং, এ্যান্টিবডির উপস্থিতি নির্ণয়, এ্যান্টিবডির টাইটার নির্ণয়ের ক্ষেত্রেও সঠিক প্রযুক্তি অনুসরণ করিতে হইবে। ইহা ছাড়া প্রতি ব্যাগ রক্তে এইচ আই

ডি ১ ও ২, হেপাটাইটিস বি, হেপাটাইটিস সি, সিফিলিস ও ম্যালেরিয়া ইত্যাদি রোগের জীবাণুর উপস্থিতির পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রেও অনুরূপ ব্যবস্থা থাকিতে হইবে;

- (গ) রক্তের এইচ আই ভি (এইডস) এ্যান্টিবডি নির্ণয়ের পরীক্ষা সমূহ লাইসেন্স প্রাপ্ত প্রতিটি বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র প্রতি ব্যাগ রক্ত সরবরাহ, বিক্রয় বা বিতরণের পূর্বে প্রতি ব্যাগ রক্ত হতে স্যাম্পল সংগ্রহ করে রক্তে এইচ আই ভি ১ ও ২ এ্যান্টিবডি নাই পরীক্ষা পূর্বক এ মর্মে নিশ্চিত হওয়ার পর রক্ত সরবরাহ করিবে। উক্ত পরীক্ষা সংশ্লিষ্ট রক্ত পরিসঞ্চালন কেন্দ্র নিজের ল্যাবরেটরী বা লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এরূপ পরীক্ষার জন্য নির্দিষ্ট ল্যাবরেটরী হইতে করিতে পারিবে। পরীক্ষার ফল প্রতিটি রক্ত ব্যাগ/রক্তের কনটেইনারের লেবেলের গায়ে লিপিবদ্ধ থাকিবে;
- (ঘ) প্রতি ব্যাগ রক্ত সরবরাহের পূর্বে অবশ্যই প্রয়োজনীয় নির্দিষ্ট পরীক্ষা সমূহ সম্পন্ন করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিতে হইবে এবং পরীক্ষার ফলাফল রক্ত ব্যাগ/রক্তের কনটেইনারের লেবেলের গায়ে লিপিবদ্ধ করা হইয়াছে এই মর্মে নিশ্চিত হইয়া ক্রসম্যাচ রিপোর্ট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্রসহ রক্ত সরবরাহ করিতে হইবে;
- (ঙ) রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং ও পরীক্ষা-নিরীক্ষা শেষে রক্ত অবশ্যই +২ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +৬ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রা নিয়ন্ত্রিত রিফ্রিজারেটরে সংরক্ষণ করিতে হইবে;
- (চ) পাইলট টিউবে সংগৃহীত রক্তদাতাদের রক্ত স্যাম্পল সমূহ এবং রোগী বা রক্তগ্রহীতার রক্ত স্যাম্পল সমূহ পরীক্ষা-নিরীক্ষাসহ বরাদ্দ শেষে সাত দিন পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে;
- (ছ) পরিসঞ্চালনের জন্য প্রস্তুতকৃত/প্রসেসকৃত রক্ত কোন অবস্থাতেই ফ্রোজেন করা যাইবে না;
- (জ) রক্তসহ ব্যাগ/রক্তসহ রক্তের কনটেইনার কোন অবস্থাতেই সরাসরি বরফ বা বরফ খন্ডের সংস্পর্শে থাকিবে না;

(২) লাইসেন্স প্রাপ্ত প্রতিটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্রে রক্তের এ, বি, এবি এবং ও গ্রুপিং, রিসাস্ গ্রুপিং, রিসাস্-ডি গ্রুপিং, রেয়ার ব্লাড গ্রুপিং, ক্রসম্যাচিং, কমপ্যাটাবিলিটি টেস্টিং, ক্রীনিং এর অন্যান্য পরীক্ষার সঠিক ব্যবস্থা থাকিবে। ইহা ছাড়া রক্তের উপাদান সমূহ প্রস্তুতকরণ বা পৃথকীকরণের পূর্বে বাধ্যতামূলক প্রতি ব্যাগ রক্তে এইচ আই ভি ১ ও ২, হেপাটাইটিস বি, হেপাটাইটিস সি, সিফিলিস ও ম্যালেরিয়া ইত্যাদি রোগের জীবাণুর উপস্থিতির পরীক্ষা-নিরীক্ষার জন্যও অনুরূপ সঠিক ব্যবস্থা থাকিবে। পরীক্ষা-নিরীক্ষার ফলাফল সমূহ লেবেলের গায়ে লিপিবদ্ধ থাকিবে।

(৩) রক্তের উপাদান সমূহের প্রসেসিং, বিশেষ পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ, সংরক্ষণ ইত্যাদির পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) কনসেন্ট্রেটেড হিউমান রেড ব্লাড করপাসলস্ রক্তের এই উপাদানের নাম হইবে 'প্যাকড রেড ব্লাড সেলস্' যা মানব রক্ত হইতে বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে প্লাজমা পৃথকীকরণের পর অবশিষ্ট প্যাকড রেড ব্লাড সেলস্ সমূহ। 'প্যাকড রেড ব্লাড সেলস্' পৃথকীকরণের জন্য অনুসরণীয় নির্দেশিকা হইবে নিম্নরূপ, যথা :-

- (অ) পৃথকীকরণের পরপরই 'প্যাকড রেড ব্লাড সেলস'+২ ডিগ্রী সেন্টিগ্রেড হইতে +৬ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রা নিয়ন্ত্রিত রিফ্রিজারেটরে সংরক্ষণ করিতে হইবে;
- (আ) প্রাজমা পৃথকীকরণের পর পরই, সংরক্ষণের সময় এবং পুনরায় সরবরাহের পূর্বে অবশ্যই উপাদানের ব্যবহার উপযুক্ততার বৈশিষ্ট্যসমূহ পর্যবেক্ষণ করিতে হইবে। পর্যবেক্ষণের সময় যদি উপাদানের রঙের তারতম্য, মাইক্রোবিয়াল কন্টামিনেশন বা বস্তুগত অবস্থানের অসামঞ্জস্য পরিলক্ষিত হয় তবে উক্ত উপাদান সরবরাহ করা যাইবে না। 'প্যাকড রেড ব্লাড সেলস' প্রস্তুতকরার ১২ ঘণ্টার মধ্যে ব্যবহার করিতে হইবে;
- (ই) অত্র আইনের বিধি ২২ 'রক্তদাতা হইতে রক্তসংগ্রহ ও পরিসঞ্চালনের পূর্বশর্ত' অনুযায়ী নির্বাচিত রক্তদাতাই হইবে 'প্যাকড রেড ব্লাড সেলস' সংগ্রহের জন্য উপযুক্ত রক্তদাতা;
- (ঈ) 'প্যাকড রেড ব্লাড সেলস' যে রক্ত হইতে প্রস্তুত করিতে হইবে সে রক্তের পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে অত্র আইনের বিধি পরিপূর্ণ রক্তের বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা পদ্ধতি অনুসরণ করিতে হইবে;
- (উ) রক্ত সংগ্রহ ব্যাগের সহিত সংযুক্ত টিউব সমূহে বা ভিন্ন পাইলট টিউবে পাইলট স্যাম্পল সমূহ সংগ্রহের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করিতে হইবে যথা :-
- (১) যে রক্ত হইতে 'প্যাকড রেড ব্লাড সেলস' প্রসেস করা হয় সে রক্ত বা প্রসেস করা 'প্যাকড রেড ব্লাড সেলস' থেকে এক বা একাধিক পাইলট স্যাম্পল সমূহ প্রতি ইউনিট 'প্যাকড রেড ব্লাড সেলস' এর সহিত সংরক্ষণ করিতে হইবে;
 - (২) স্যাম্পল সংগ্রহের পূর্বে অবশ্যই পাইলট স্যাম্পল টিউব সমূহে সংক্ষিপ্ত বিবরণ বা নম্বর সমূহ লিপিবদ্ধ করিতে হইবে যা ডোনার ইউনিট বা 'প্যাকড রেড ব্লাড সেলস' এর অনুরূপ হইবে;
 - (৩) রক্তের উপাদান প্রস্তুতকরণের জন্য রক্ত সংগ্রহের সময় বা রক্তের উপাদান প্রস্তুতকরণের সময় সংযুক্ত পাইলট স্যাম্পল টিউবস সমূহ এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে বিভিন্ন সময়ে ব্যবহার করা সহজ হয়;
 - (৪) রক্ত সংগ্রহের পরপরই বা উপাদান প্রস্তুতকরণের সংগে সংগে সমস্ত পাইলট স্যাম্পল টিউবস সমূহে 'প্যাকড রেড ব্লাড সেলস' প্রস্তুত এর সময় স্যাম্পল সংগ্রহ করিতে হইবে;
- (উ) প্রসেসিং, পৃথকীকরণ :-
- (১) পরিপূর্ণ রক্ত হইতে 'প্যাকড রেড ব্লাড সেলস' পৃথক করা যাইবে;

- (২) এ সি ডি সলিউশনে সংগ্রহের তারিখ হইতে ২১ দিন পর্যন্ত সংরক্ষণ করা পরিপূর্ণ রক্ত হইতে বা
- (৩) সি পি ডি সলিউশনে সংগ্রহের তারিখ হইতে ২৮ দিন পর্যন্ত সংরক্ষণ করা পরিপূর্ণ রক্ত হইতে বা
- (৪) সি পি ডি এ-১ সলিউশনে সংগ্রহের তারিখ হইতে ৩৫ দিন পর্যন্ত সংরক্ষণ করা পরিপূর্ণ রক্ত হইতে;
- (৫) সেন্ট্রিফিউগেশন পদ্ধতি বা সাধারণ থিতানো পদ্ধতির মাধ্যমে এমনভাবে প্যাকড রেড ব্লাড সেল প্রস্তুত করিতে হইবে যেন-রক্তের তাপমাত্রার কোন তারতম্য না হয়। সবসময় নির্দিষ্ট পরিমাণ প্লাজমা প্যাকড রেড ব্লাড সেলের রক্ষণাবেক্ষণের জন্য প্যাকড রেড ব্লাড সেলের সহিত মিশাইয়া রাখিতে হইবে;
- (খ) ফ্রোজেন প্যাকড রেড ব্লাড সেলস পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :-
- (অ) প্যাকড রেড ব্লাড সেলস ফ্রোজেন করে বহুদিন সংরক্ষণ করার জন্য এর মধ্যে ক্রাইয়োফাইলেকটিক এজেন্ট সমূহ মিশ্রিত করে লাইসেসিং কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নির্দেশ অনুসারে কমপক্ষে মাইনাস ৬৫ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় নির্দিষ্ট সময় পর্যন্ত সংরক্ষণ করা যায়। প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নির্দেশিকাতে অবশ্যই অন্যান্য প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার বিবরণ, এজেন্ট সমূহের সংমিশ্রণ পদ্ধতি, ব্যবহৃত দ্রব্যাদির বর্ণনা, প্রসেসিং পদ্ধতি ও ফলাফল নিরীক্ষার বিবরণ থাকিবে। ইহা ছাড়া প্রস্তুতকৃত উপাদান প্যাকড রেড ব্লাড সেলস এমনভাবে প্রস্তুত করিতে হইবে যাহাতে এর পরিশুদ্ধতা, বিশুদ্ধতা এবং কার্যকারীতা সবসময় অক্ষুণ্ণ থাকে এমনকি ফ্রোজেন প্যাকড রেড ব্লাড সেলস এর ব্যবহারের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত উপরোক্ত গুণাগুণ সমূহ অক্ষুণ্ণ থাকে।
- (আ) প্যাকড রেড ব্লাড সেলস প্রস্তুতকরণের জন্য পরীক্ষা-নিরীক্ষা সমূহ সরকার নির্ধারিত এবং লাইসেসিং কর্তৃপক্ষ অনুমোদিত ফার্মাকোপিয়া অনুসারে করিতে হইবে;
- (গ) রক্তের “প্রেটলেট কনসেন্ট্রেট” এবং প্রেটলেট যে রক্তের ইউনিট থেকে সংগ্রহ করা হয় সেই ইউনিট এর পরিমিত পরিমাণ প্লাজমার সহিত পুনঃমিশ্রিত করে নির্দিষ্ট তাপমাত্রায় সংরক্ষণ করা হয়। এ ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশিকাসমূহ অনুসরণ করিতে হইবে, যথা :-
- (অ) পরিপূর্ণ রক্ত হইতে সংগৃহীত প্রেটলেট রীচ প্লাজমা বা বাফীকোট থেকে “প্রেটলেট কনসেন্ট্রেট” পৃথক করা যায় আবার প্রেটলেটফেরেসিস এর মাধ্যমেও সংগ্রহ করা যায়;
- (আ) প্রেটলেট কনসেন্ট্রেট প্রসেসিং হইবে নিম্নরূপ যথা :-
- (১) সেন্ট্রিফিউগেশন পদ্ধতির নির্দিষ্ট ব্যবস্থাপনায় নির্দিষ্ট সময়, পরিমিত গতি ও উপযুক্ত বেগে বাফী কোট বা প্রেটলেট রীচ প্লাজমা পৃথক করার

পর তা থেকে পুনরায় প্রেটলেট পৃথক করে তা প্রাজমার সহিত পুনর্মিশ্রণ করিয়া উহা সংরক্ষণ করিতে হইবে;

- (২) সংগ্রহের পর পরই রক্ত বা প্রাজমা সব সময় ২০ ডিগ্রী থেকে ২৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার মধ্যে সংরক্ষণ করতে হবে। রক্ত সংগ্রহ কক্ষ হতে প্রসেসিং ল্যাবরেটরীতে নেওয়ার সময়ও পরিবহন তাপমাত্রা যথাসম্ভব ২০ ডিগ্রী থেকে ২৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার মধ্যে রাখার ব্যবস্থা করতে হবে। পরিপূর্ণ রক্ত বা প্রাজমা সংগ্রহ করার সময় হতে ০৬ ঘন্টার মধ্যে প্রেটলেট কনসেনট্রেট পৃথক করতে হবে;
- (৩) সেন্টিফিউগেশন পদ্ধতির গতি ও সময় এমনভাবে বিন্যস্ত করতে হবে যেন উপাদান দানাহীন অবস্থায় থাকে এবং কোনরূপ হীমোলাইসিস পরিলক্ষিত না হয়। উপাদানের পরিমাণ যেন কমপক্ষে ৩.৫ (১০১০(৩.৫(১০ এর ১০গুণ) এবং ৪.৫(১০১০ (৪.৫(১০ এর ১০গুণ) প্রতি ইউনিট ৩৫০এম এল এবং ৪৫০এমএল রক্ত হইতে সংগৃহীত প্রতি ইউনিট প্রেটলেট এর পরিমাণ। প্রস্তুতকৃত প্রেটলেটস্ থেকে ১% নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে যা উপরোক্ত প্রেটলেটের হিসাবের ৭৫% ভাগের সমান হয়;
- (৪) পরিমিত পরিমাণ আদি প্রাজমা প্রেটলেটের সহিত পুনর্মিশ্রণ করা হয় যেন সংরক্ষণকালে পি এইচ ০৬ এর কম না হয়। ২০ ডিগ্রী হতে ২৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় সংরক্ষিত এবং মেয়াদ উত্তীর্ণ হয় নাই সব সময় এরূপ প্রেটলেটস্ থেকে স্যাম্পল নিয়ে পি এইচ নির্ণয় করতে হবে;
- (৫) প্রেটলেট সংরক্ষণ করার জন্য রক্তবিহীন ও স্বচ্ছ ব্যাগ ব্যবহার করতে হবে যাহাতে সহজেই ব্যাগের প্রেটলেট পর্যবেক্ষণ করা যায়। দুষণ এড়ানোর জন্য হারমেটিক সিল যুক্ত ক্যাপ ব্যবহার করতে হবে। সাধারণ ভাবেও এমন উপায়ে উপাদান সংরক্ষণ ও ব্যবহার করতে হবে যাহাতে উপাদানের বিস্কৃতা, উপযুক্ততা, কার্যকারীতা ও নিরাপদভাবে ব্যবহারের উপর যেন কোনরূপ বিরূপ প্রতিক্রিয়া না পড়ে। পৃথকীকরণের সময় ব্যাগের গায়ে ভালভাবে সনাক্তকরণ বা চিহ্নিতকরণ এর নম্বর লিখতে হবে যা অবশ্যই রক্তদাতার সনাক্তকরণ বা চিহ্নিতকরণ নম্বরের অনুরূপ হবে;
- (৬) পুনর্মিশ্রণ করার পর পরই প্রেটলেট সমূহ ২০ ডিগ্রী হতে ২৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার মধ্যে সার্বক্ষণিক মৃদুভাবে এজিটেশনে রেখে ০৫ দিনের বেশী সময় সংরক্ষণ করা যাইবে না। সংরক্ষণ কালে সব সময় সার্বক্ষণিক মৃদুভাবে এজিটেশনে রাখতে হবে;

(৭) বিভিন্ন রক্তদাতা থেকে ইউনিট সমূহ প্রস্তুত ও সংরক্ষণ শেষে নিম্ন লিখিত পরীক্ষা সমূহ করিতে হইবে, যথা :-

- (অঅ) প্লেটলেট্ কাউন্ট;
- (অআ) ইউনিট সমূহের সংরক্ষণ তাপমাত্রায় পি এইচ কমপক্ষে ০৬ এর নীচে হইবে না;
- (অই) সঠিক প্লাজমা ভলিউমের পরিমাণ নির্ণয়;
- (অঈ) সরবরাহের পূর্বে সোয়্যারলিং মুভমেন্ট এর মাধ্যমে প্লেটলেট্ সমূহের কার্যকারীতার উপযুক্ততা পরীক্ষা করা;
- (অউ) উপরোক্ত পরীক্ষার মাধ্যমে যদি উপাদানের কার্যকারীতার তারতম্য পরিলক্ষিত হয় তবে সাথে সাথে তা কার্যকর করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং তার রেকর্ড সমূহ সংরক্ষণ করিতে হইবে।
- (অউ) কমপ্যাটাবিলিটি টেস্টিং : প্লেটলেট্‌স কনসেনট্রেট্ এর সাথে সব সময় কিছু পরিমাণ রেড ব্লাড সেলস্ সমূহ থাকে বিধায় এ, বি, এবি এবং 'ও' গ্রুপি করা প্রয়োজন। তাছাড়া রেড ব্লাড সেলস্ সমূহের উপস্থিতির জন্য কমপ্যাটেবল ট্রান্সফিউশনের জন্য কমপ্যাটাবিলিটি টেস্টিং করা একান্ত প্রয়োজন।

(৪) গ্রানোলোসাইট কনসেনট্রেট্‌স্ পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) সংগ্রহের পরপরই ২০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রা থেকে ২৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রার মধ্যে সর্বোচ্চ ২৪ ঘন্টার জন্য সংরক্ষণ করা যাইবে;
- (খ) প্রতি ইউনিটে গ্রানোলোসাইটের পরিমাণ ১(১০১০ (১(১০এর ১০ গুণ) এর কম হইবে না যদি সেলসেপারেটর মেশিনের সাহায্যে সংগ্রহ করা হয়;
- (৩) প্রযোজ্য ক্ষেত্রে এইচএল এ পরীক্ষা/গ্রুপ স্পেসিফিক পরীক্ষা করিতে হইবে।

(৫) ফ্রেশ ফ্রোজেন প্লাজমা সংগ্রহ করার ০৬ ঘন্টার মধ্যে কমপক্ষে মাইনাস ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় প্লাজমা ফ্রোজেন সংরক্ষণ করলে সর্বোচ্চ এক বছর পর্যন্ত কার্যকারীতা বহাল থাকিবে।

(৬) ক্রাইয়োপ্রেসিপিটেট্ পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) এ্যান্টি হিমোফিলিক ফ্যাক্টর কনসেনট্রেট্ মাইনাস ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় সংরক্ষণ করিয়া ফ্রেশ ফ্রোজেন প্লাজমা হইতে খোয়িং প্রসেস এর মাধ্যমে প্রস্তুতকরা হয়;
- (খ) ক্রাইয়োপ্রেসিপিটেট্ মাইনাস ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে তবে মাইনাস ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড এর বেশী তাপমাত্রায় সংরক্ষণ করা যাইবে না এবং এভাবে সংরক্ষণ করলে সংগ্রহের তারিখ হইতে এক বছরের বেশী সময় সংরক্ষণ করা যাইবে না;

(গ) “এ্যান্টি হিমোফিলিক ফ্যাক্টর” এই উপাদানের সঠিক কার্যকারিতার জন্য প্রতি ব্যাগে ফ্যাক্টরের পরিমাণ ৮০ ইউনিটের কম হইবে না। প্রস্তুতকৃত ক্রাইয়োপ্রেসিপিটেট-এর ১% পরীক্ষা-নিরীক্ষা করা হয় যাহা ৭৫% ইউনিট উপাদানের নিশ্চয়তা বিধান করে।

(৭) সেল সেপারেটর এর মাধ্যমে প্রাজমাফেরেসিস, প্লেটলেটফেরেসিস ও লিউকাফেরেসিস-করণ পদ্ধতি হইবে নিম্নরূপ যথা :-

(ক) এফেরেসিস এর জন্য রক্তপরিসঞ্চালন কেন্দ্রে কমপক্ষে অতিরিক্ত ১০ স্কোয়ার মিটার জায়গা থাকিতে হইবে। এফেরেসিসসমূহ সম্পন্ন করার জন্য অনুমোদনপ্রাপ্ত রক্ত-পরিসঞ্চালন কেন্দ্রকে এফেরেসিস ডোনারের বৈশিষ্ট্যের ক্ষেত্রে অত্র আইনের বিধি, ২২ “রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালনের পূর্বশর্ত” সমূহ অনুসরণ করিতে হইবে। এফেরেসিস রক্তদাতার লিখিত সম্মতি অবশ্যই গ্রহণ করিতে হইবে এবং রক্তদাতাকে এফেরেসিসের অসুবিধাসমূহ, হাজারডসমূহ বিস্তারিতভাবে ব্যাখ্যা করিতে হইবে। রক্তপরিসঞ্চালন বিশেষজ্ঞ/প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল অফিসার এফেরেসিস ডোনারের ফিটনেস সার্টিফিকেট প্রদান করিবেন এবং রক্তপরিসঞ্চালন বিশেষজ্ঞ/প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল অফিসার এর তত্ত্বাবধানে টেকনিক্যালী ট্রেন্ডইনড পারসন/টেকনিক্যাল সুপারভাইজার এফেরেসিসসমূহ সম্পন্ন করিবেন;

(খ) যে সমস্ত ডোনারের প্রাজমাফেরেসিস, প্লেটলেটফেরেসিস ও লিউকাফেরেসিস করা হইবে তাহাদের এফেরেসিস ডোনার হিসাবে নির্বাচনের জন্য ডোনারের বৈশিষ্ট্যের ক্ষেত্রে অত্র আইনের বিধি, ২২ এর “রক্তদাতা হইতে রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালনের পূর্বশর্ত” সমূহ অনুসরণ ছাড়াও প্রোটিন এর পরিমাণ নির্ণয় করিত হইবে বিশেষভাবে পোস্ট ফেরেসিস/ফার্স্ট সিটিং ডোনারের ক্ষেত্রে যেহেতু এ ধরনের ফলাফল পরবর্তী সিটিং/ফেরেসিসের ক্ষেত্রে রেফারেন্স হিসাবে ধরা হয়। এ ধরনের ডোনার থেকে সর্বমোট প্রাজমা সংগ্রহ করার পরিমাণ এবং নির্দিষ্ট সময় পর পর প্রাজমাফেরেসিস করার ক্ষেত্রে স্বীকৃত মানসম্পন্ন কার্যপ্রণালীতে বর্ণিত পদ্ধতি/আর্ন্তজাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসারে করিতে হইবে;

(গ) একবার এফেরেসিস করার পর কমপক্ষে ৪৮ ঘন্টা পর পরবর্তী এফেরেসিস করিতে হইবে এবং সপ্তাহে দুইবারের বেশী করা যাবে না;

(ঘ) এক্সট্রাকরপোরাল ব্লাড ভলিউম রক্তদাতার হিসাবকৃত ব্লাড ভলিউমের ১৫% এর অধিক হইবে না;

(ঙ) যে সমস্ত রক্তদাতা এ্যাসপিরিন ও এ্যাসপিরিন জাতীয় ঔষধ সেবন করেন তাদের ক্ষেত্রে উপরোক্ত মেডিসিন সেবনের তিন দিনের মধ্যে প্লেটলেটফেরেসিস সম্পন্ন করা যাইবে না;

(চ) প্লেটলেটফেরেসিস বা লিউকাফেরেসিসের সময় যদি রেড ব্লাড সেলসসমূহ পুনঃপরিসঞ্চালন করা না হয় বা পুনঃপরিসঞ্চালন করা না যায় তাহলে কমপক্ষে ১২ সপ্তাহ পর পরবর্তী সাইটাফেরেসিসসমূহ করিতে হইবে।

(৮) এফেরেসিস কার্যক্রম শুরু করার পূর্বে নিম্নবর্ণিত পরীক্ষাসমূহ সম্পন্ন করিতে হইবে, যথা :-

- (ক) হেমোগ্লোবিন এস্টিমেশন;
- (খ) হীম্যাটোক্রীট নির্ণয়;
- (গ) প্লেটলেইট কাউন্ট;
- (ঘ) টোটাল ডার্লিউ বি সি কাউন্টস্ (TLC);
- (ঙ) ডিফারেনসিয়াল কাউন্ট (DC);
- (চ) বারবার প্রাজমা ফেরেসিসের ক্ষেত্রে সিরাম প্রোটিন নির্ণয় করিতে হইবে এবং তা ০৬ গ্রাম/১০০ মিলি লিটার হইতে হইবে।

(৯) রক্তদাতার রক্ত থেকে পৃথকীকৃত প্রাজমার পরিমাণ প্রতি সিটিং এ ৫০০ মিলিলিটারের অধিক হইবে না এবং ১৫ দিনে একবার বা প্রতি মাসে ১০০০ মিলিলিটারের অধিক হইবে না;

(১০) সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্তের লেভেলিং এবং রেকর্ডকপিং পদ্ধতি।—(১) সরকারী ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে লেভেলিং ও রেকর্ডকপিং নিম্নবর্ণিত পদ্ধতিতে করিতে হইবে, যথা :-

(ক) ব্লাড ডোনার রেকর্ড রেজিস্টারে ক্রমিক নম্বর, রক্ত সংগ্রহের তারিখ, রক্তদাতার নাম, ঠিকানা এবং স্বাক্ষরসহ অন্যান্য বিবরণ যেমন— বয়স, ওজন, হীমোগ্লোবিন, ব্লাড গ্রুপিং, ব্লাড প্রেসার, মেডিক্যাল একজামিনেশন, ব্যাগ নম্বর এবং যে রোগী বা রক্তগৃহীতার জন্য রক্তদান করা হচ্ছে তার বিস্তারিত বিবরণ (রিপ্রেসেন্ট রক্তদাতার ক্ষেত্রে) লিপিবদ্ধ থাকিবে। রক্তদানের ধরণ (ভলানটারী/রিপ্রেসেন্ট), রক্তদান না করার রেকর্ড (ডিফারাল রেকর্ডস্) এবং চিকিৎসক/মেডিক্যাল অফিসারের তারিখসহ স্বাক্ষর থাকিবে;

(খ) উক্ত রেকর্ডে ব্যাগের ক্রমিক নম্বর, রক্ত ও রক্তের উপাদান সংগ্রহের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, পরিমাণ (মিলিলিটারে), এ বি ও/আরএইচ গ্রুপ, এইচ আইভি ১ ও ২, হেপাটাইটিস বি, হেপাটাইটিস সি, ভি ডি আর এল/আর পি আর, ম্যালেরিয়া ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষার ফলাফল, রক্তদাতার নাম, ঠিকানাসহ অন্যান্য বিবরণ, সরবরাহের জন্য ইস্যু নম্বর থাকিবে। ইহা ছাড়া উপাদান প্রস্তুতকরণ বা বাতিলকরণের তারিখ এবং চিকিৎসক/মেডিক্যাল অফিসারের তারিখসহ স্বাক্ষর থাকিবে;

(গ) ইস্যু রেজিস্টারে ক্রমিক নম্বর, সরবরাহের তারিখ ও সময় ব্যাগের ক্রমিক নম্বর, এ বি ও/আরএইচ গ্রুপ, পরিমাণ (মিলিলিটারে), রক্তগৃহীতার নাম ও ঠিকানা, রক্তগৃহীতার গ্রুপ, ইউনিট/হাসপাতাল/ইনস্টিটিউশন, ক্রসম্যাচ রিপোর্ট ইত্যাদির বিবরণসহ কি কারণে রক্তপরিসঞ্চালন করা হইতেছে তাহা লিপিবদ্ধ থাকিবে;

(ঘ) সরবরাহকৃত উপাদানসমূহের নাম ও সরবরাহের বিবরণ, সরবরাহের পরিমাণ, কমপ্যাটাবিলিটি রিপোর্ট, রক্তগৃহীতার বিস্তারিত বিবরণ, সরবরাহকারীর স্বাক্ষর লিপিবদ্ধ থাকিবে;

- (ঙ) প্রস্তুতকারী কোম্পানীর নির্দেশিকা অনুসারে এ সি ডি/সি পি ডি/সি পি ডি-এ/স্যাগএম (SAGM) ব্যাগের বিস্তারিত বিবরণ, ব্যাচ নম্বর, সরবরাহের তারিখ এবং পরীক্ষা-নিরীক্ষার ফলাফল লিপিবদ্ধ থাকিবে;
- (চ) ডায়াগনস্টিক কিটস ও রিএজেন্টস ব্যবহারের রেজিস্টার : কিটস/রিএজেন্টস এর নাম, ব্যাচ নম্বরের বিস্তারিত বিবরণ, মেয়াদ উত্তীর্ণ এবং ব্যবহারের তারিখ রেজিস্টারে লিপিবদ্ধ থাকিবে;
- (ছ) রক্তপরিসঞ্চালন কেন্দ্রকে রক্ত সরবরাহের সময় রক্তের ক্রসম্যাচ রিপোর্ট অবশ্যই রক্তের সহিত রোগীকে সরবরাহ করিতে হইবে;
- (জ) রক্তপরিসঞ্চালনজনিত প্রতিক্রিয়ার রেকর্ডসমূহ লিপিবদ্ধ থাকিবে;
- (ঝ) ক্রয় করা, ব্যবহার করা এবং ভাঙারে রক্ষিত ডিসপোজেবল নিডল্‌স, সিরিঞ্জ, ব্লাড ব্যাগ, ব্লাড ট্রান্সফিউশন সেটসমূহের রক্ষণাবেক্ষণ লিপিবদ্ধ থাকিবে;
- (২) লাইসেন্স গ্রহণকারীকে উপরোক্ত রেকর্ডসমূহ ৫ বছরের জন্য সংরক্ষণ করিতে হইবে।
- (৩) রক্ত বা রক্তের উপাদান পূর্ণ প্রতিটি ব্যাগের গায়ে নিম্নবর্ণিত নির্দেশিকাসম্বলিত লেবেল-সমূহ লাগানো থাকিবে, যথা :—
- (ক) ব্যাগের লেবেলে সহজে নজরে পড়ে এমন স্থানে পরিষ্কার অক্ষরে রক্তের উপাদানের সঠিক নাম লেখা থাকিবে;
- (খ) রক্তপরিসঞ্চালন কেন্দ্রের নাম ও ঠিকানা;
- (গ) লাইসেন্স নম্বর;
- (ঘ) ক্রমিক নম্বর;
- (ঙ) মেয়াদ উত্তীর্ণের তারিখসহ রক্ত সংগ্রহের তারিখ (ব্যাগের ধরণ অনুসারে);
- (চ) রক্ত, রক্তের উপাদান পূর্ণ প্রতিটি ব্যাগে বিভিন্ন গ্রুপের রক্তের কালার লেবেল থাকিবে যাহা নিম্নরূপ হইবে :—

ব্লাড গ্রুপ	কালার লেবেল
ও গ্রুপ	ব্লু কালার (Blue)
এ গ্রুপ	ইয়োলো কালার (Yellow)
বি গ্রুপ	পিন্ক কালার (Pink)
এবি গ্রুপ	হোয়াইট কালার (White)

- (ছ) এইচ আই ভি ১ ও ২, হেপাটাইটিস বি, হেপাটাইটিস সি, সিফিলিস ও ম্যালেরিয়া ইত্যাদি রোগের পরীক্ষা-নিরীক্ষার ফলাফল;
- (জ) রিসার্চ, গ্রুপ;

- (ঝ) রক্তের প্রকৃত পরিমাণ, রক্তের উপাদান প্রস্তুতকরণ, এ্যান্টিকোয়াগুলেন্ট এর শতকরা হার এবং ধরণ;
- (ঞ) রক্ত বা রক্তের উপাদানসমূহ সংরক্ষণের জন্য সার্বক্ষণিক নিয়ন্ত্রণ তাপমাত্রা +২ ডিগ্রী হতে +৬ ডিগ্রী সেন্টিগ্রেড;
- (ট) রক্তপরিসঞ্চালনের সময় ফিল্টারসহ ডিসপোজেবল ট্রান্সফিউশন সেট ব্যবহার করিতে হইবে;
- (ঠ) যথাপোযুক্তভাবে ক্রসম্যাচ করা কমপ্যাটিবল রক্তপরিসঞ্চালন করিতে হইবে। প্রয়োজনে রক্তগ্রহীতার রক্তের অস্বাভাবিক এ্যান্টিবডি নির্ণয় করিতে হইবে;
- (ড) যদি কোন ব্যাগের রক্তে হীমোলাইসিস, ক্লটিং বা ডীসকালারেশন জাতীয় পরিবর্তন পরিলক্ষিত হয় তাহলে উক্ত ব্যাগের রক্ত ব্যবহার করা যাইবে না;
- (ঢ) লেবেলে পরিষ্কারভাবে রক্তদাতার সঠিক শ্রেণীর উল্লেখ থাকিবে যেমন— ভলানটারী ডোনার বা রিপ্লেসমেন্ট ডোনার ইত্যাদি;

(৪) রক্তের উপাদানসমূহের ক্ষেত্রে যে রক্ত হইতে রক্তের উপাদানসমূহ প্রস্তুতকরা হইয়াছে তাহার পূর্ণ বিবরণ থাকিতে হইবে।

(৫) রক্ত বা রক্তের উপাদানসমূহ রেজিস্টার্ড মেডিকেল প্রাকটিসনার/রক্তপরিসঞ্চালন বিশেষজ্ঞ এর ব্যবস্থাপত্র বা পরামর্শ অনুযায়ী বিতরণ বা বিক্রয় করিতে হইবে।

১৮। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্তদাতার শ্রেণী ও পরিচয়পত্র প্রদানের পদ্ধতি।—(১) সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত ও সরকারের অর্থায়নে পরিচালিত অন্যান্য হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহের রক্তপরিসঞ্চালন কেন্দ্র এবং লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রসমূহ সকল রক্তদাতার নিম্নরূপ শ্রেণীবিন্যাস করিবে, যথাঃ—

- (ক) স্বেচ্ছায় রক্তদাতা (Voluntary Blood Donor);
- (খ) পেশাদার রক্ত বিক্রেতা (Professional Blood Donor);
- (গ) প্রতিস্থাপিত রক্তদাতা (Replacement Blood Donor);
- (ঘ) স্বজনদান রক্তদাতা (Directed Blood Donor);
- (ঙ) অটোলোগাস রক্তদাতা (Autologous Blood Donor)।

(২) কেন্দ্রসমূহ সকল রক্তদাতার পরিচয়পত্র প্রদান করিবে এবং পরবর্তীতে ব্যবহারের জন্য রেজিস্টারে লিপিবদ্ধ করিবে। পরিচয়পত্রসমূহে রক্তদাতার নাম, বয়স, ঠিকানা, রক্তের গ্রুপ, রক্তদানের সময় ও তারিখ, রক্তদানের ধরণ, কতবার রক্ত দেওয়া হইয়াছে, রক্তবাহিত রোগের জীবাণুর উপস্থিতির বিবরণ, ইনচার্জ/ইউনিট প্রধান/বিভাগীয় প্রধানের নাম, স্বাক্ষর ও মন্তব্যসহ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিপিবদ্ধ থাকিবে। সরকারী হাসপাতালের রক্তপরিসঞ্চালন কেন্দ্রসমূহ প্রতিমাসে বিভিন্ন শ্রেণীর রক্তদাতার তালিকা তৈরী করে ন্যাশনাল ডাটাবেজ সংরক্ষণের জন্য ক্রীনিং রিপোর্টের সহিত জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কমিটির নিকট প্রেরণ করিবে। লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রসমূহ লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কমিটির নিকট প্রেরণ করিবে।

১৯। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্তদাতাদের শ্রেণী ওয়ারী তালিকা প্রণয়ন ও সংরক্ষণ পদ্ধতি।—সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত ও সরকারের অর্থায়নে পরিচালিত অন্যান্য হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহের রক্তপরিসঞ্চালন কেন্দ্র এবং লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রসমূহ সকল রক্তদাতাদের শ্রেণীওয়ারী/রক্তদানওয়ারী তালিকা নিকৃপণ/প্রণয়ন করিবে এবং নিম্নরূপ গ্রুপওয়ারী তালিকা প্রণয়ন করিবে যেমন—‘এ’ গ্রুপ, ‘বি’ গ্রুপ, এবি গ্রুপ, ‘ও’ গ্রুপ, রিসাস্ ‘ডি’ পজিটিভ এবং রিসাস্ ‘ডি’ নেগেটিভ ইত্যাদি। প্রয়োজনে অন্যান্য ব্লাড গ্রুপ এমনকি ‘রেয়ার’ ব্লাড গ্রুপ (Rare blood group)-এর তালিকাও প্রণয়ন করিবে। উক্ত তালিকাসমূহ পরবর্তীতে ব্যবহারের জন্য রেজিস্টারে লিপিবদ্ধ করিবে। সকল সরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র প্রতি মাসের রক্তদাতাদের শ্রেণীওয়ারী, গ্রুপওয়ারী তালিকা প্রণয়নকরত ন্যাশনাল ডাটাবেজ সংরক্ষণের জন্য জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কমিটির নিকট প্রেরণ করিবে। অনুরূপভাবে লাইসেন্সপ্রাপ্ত সকল বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কমিটির নিকট প্রেরণ করিবে। সকল রক্তপরিসঞ্চালন কেন্দ্র উক্ত রেকডসমূহ সরকারী বিধিমোতাবেক সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করিবে।

২০। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে কেন্দ্রের জন্য প্রয়োজনীয় বর্জ্য অপসারণ পদ্ধতি।—(১) রক্তপরিসঞ্চালন কেন্দ্র হইতে সৃষ্ট বর্জ্য ধ্বংস করার জন্য আধুনিক ব্যবস্থা/পদ্ধতি অনুসরণ করিতে হইবে। জনস্বাস্থ্যের ক্ষতি কিংবা পরিবেশ দূষণীয় না হয় ইহার জন্য সকল ব্যবস্থা নিশ্চিত রাখিতে হইবে এবং নিম্নবর্ণিত উপায়ে বর্জ্য অপসারণ করিতে হইবে। রক্ত সংক্রমিত বর্জ্য পদার্থ নিয়ন্ত্রণের আগেই সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। সংক্রমণ যেন না হয় এ জন্য সংরক্ষণ, পরিবহন ও ধ্বংস করতে হবে সতর্কভাবে। রক্তপরিসঞ্চালন কেন্দ্র হইতে সৃষ্ট সকল বর্জ্যসমূহ উৎপন্ন স্থলেই সাধারণ আবর্জনা এবং দূষিত ও ঝুঁকিপূর্ণ অধারালো আবর্জনা, দূষিত ও ঝুঁকিপূর্ণ ধারালো আবর্জনা এভাবে সনাক্তকরণের মাধ্যমে পৃথকীকরণ করে সাধারণ আবর্জনা কালো বর্ণের ব্যাগ বা পাত্রে এবং দূষিত ও ঝুঁকিপূর্ণ অধারালো আবর্জনা হলুদ বর্ণের ব্যাগ বা পাত্রে ও দূষিত ও ঝুঁকিপূর্ণ ধারালো আবর্জনা হলুদ বর্ণের শক্ত ব্যাগ বা পাত্রে সংরক্ষণ করে ২৪ ঘন্টার মধ্যে সতর্কতার সহিত পরিবহন ও ধ্বংস করিতে হইবে। কালো-বর্ণের ব্যাগ বা পাত্রে সংরক্ষিত সাধারণ আবর্জনা সাধারণ বর্জ্য পদার্থের মতো নির্দিষ্ট স্থানে ফেলে দেয়া যায়। সংক্রমিত বা দূষিত আবর্জনা অল্প তাপমাত্রায় ও উচ্চ তাপমাত্রায় পোড়ানোর মাধ্যমে পরিশোধন করা যায়। প্রাষ্টিক বা পলিথিনবিহীন দূষিত আবর্জনা স্থানীয়ভাবে নির্মিত সাধারণ চুল্লীর মাধ্যমে পোড়ানো যেতে পারে। আবর্জনা পোড়ানোর ফলে উৎপাদিত গ্যাস নিরাপদভাবে বায়ুমণ্ডলে ছড়ানোর জন্য চুল্লীর সাথে সু-উচ্চ চিমনী থাকা আবশ্যিক। পলিথিন বা প্রাস্টিকযুক্ত সংক্রমিক বা দূষিত আবর্জনা উচ্চ তাপমাত্রায় পোড়ানোর জন্য ল্যাবরেটরী ওয়েস্ট ফার্নেস বা ইনসিনারেটর ব্যবহার করা উচিত। ইহা ছাড়া মাটিতে পুঁতে ফেলা, ফুটন্ত পানি, রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার ও অটোক্রেভিং এর মাধ্যমেও দূষিত আবর্জনা পরিশোধন করা যায়।

(২) ধারালো সূচ, সিরিঞ্জ ইত্যাদি সূচ ধ্বংসকারক দ্বারা (যদি থাকে) তা না হলে নিম্নের নিয়মানুসারে ধ্বংস করা যায়। ব্লেড বা ব্লেডের হ্যান্ডল, চাকু, ল্যানসেটস, ভাস্কা কাচ এগুলো একটি শক্ত পাত্রে (যা অপ্রবেশ্য) যাতে ব্লিচ থাকে— উহার চার ভাগের তিনভাগ পূর্ণকরতঃ প্রাস্টিক/কার্ডবোর্ড বাক্সে সীলড করতে হবে। যাতে চুইয়ে বা অন্য উপায়ে বের হতে না পারে এবং উক্ত দ্রব্যাদি/বর্জ্য যথাযথভাবে অপসারণের ব্যবস্থা নিতে হবে। কাচের জিনিস অটোক্রেভ দ্বারা জীবাণুমুক্ত করতে হবে। অটোক্রেভ করার আগে কখনই উহা পরিষ্কার করা উচিত নয়। কাচের জিনিস ও সার্জিক্যাল অপারেশনের যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার জন্য সাধারণতঃ অটোক্রেভিং করা হয়।

(৩) যে সমস্ত কালচার প্রেটে কালচার আছে বা করা হয় সেগুলো অটোক্লেভ কনটেইনারে নিয়ে অটোক্লেভ করে জীবাণুমুক্ত করতে হবে। মিডিয়া বা কালচার পদার্থ হলুদ ব্যাগে নিতে হবে এবং মাইক্রোওয়েভিং বা হট এয়ার ওভেনে নিয়ে পুড়িয়ে ফেলতে হবে। রাসায়নিক দ্রব্য যুক্ত তুলা-রাসায়নিকভাবে জীবাণুমুক্ত করার পর ল্যাবরেটরী ওয়েস্ট ফার্নেশ দিয়ে পুড়িয়ে ফেলতে হবে একবার ব্যবহার্য দ্রব্যাদি যেমন—সিরিঞ্জ, হাত গ্লাভস এবং ধারালো যন্ত্রপাতি পুনরায় ব্যবহৃত হয় এগুলো ১% সোডিয়াম হাইপোক্লোরাইট দ্রবণে ৩০ মিনিট থেকে ১ ঘণ্টা ডুবিয়ে রাখতে হবে। এক্ষেত্রে দুটো পাত্র ব্যবহার করতে হবে যেন একটা অন্যটার ভিতরে থাকে। ভিতরেরটি হতে হবে ছিদ্রযুক্ত এবং যা সহজে বের করে আনা যায়। কিছু ডিসপোজেবল দ্রব্যাদি যেমন সিরিঞ্জ, হাত গ্লাভস, এগুলো টুকরা করে কেটে গভীর মাটির নীচে পুঁতে রাখা, সূচ ও অন্যান্য দ্রব্যের এ ভাবে ধ্বংস করার সময় বিশেষ সাবধানতা অবলম্বন করা প্রয়োজন।

(৪) অসংক্রমিত তরল পদার্থ বিভিন্ন রিএজেন্ট দ্বারা নিষ্ক্রীয় করে নিয়মতান্ত্রিক উপায়ে নিষ্কাশন পদ্ধতি অবলম্বন করা যায়। সংক্রমিত তরল পদার্থের সংক্রমণ ক্ষমতা বিভিন্ন রিএজেন্ট বা রাসায়নিক পদার্থ ব্যবহার করে নষ্ট করা হয় এবং তখন নিয়মতান্ত্রিকভাবে নিষ্কাশন করা যায়। রক্ত সংগ্রহ ব্যাগ ছিদ্রহীন শক্ত ব্যাগে সংগ্রহ করিতে হইবে। বিভিন্ন রংয়ের ব্যাগে লাল কালিতে তারিখ ও বর্জ্য পদার্থের বর্ণনা থাকে এবং চার ভাগের তিন ভাগ পূর্ণ হলে শক্তভাবে বাঁধিতে হইবে। প্রয়োজনে স্বীকৃত আধুনিক উন্নত প্রযুক্তি ব্যবহার করা যাইতে পারে। এক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর ও মিউনিসিপ্যাল/সিটি কর্পোরেশন প্রণীত হাসপাতাল আবর্জনা ব্যবস্থাপনা/বর্জ্য ব্যবস্থাপনা ম্যানুয়েল/নির্দেশিকা অনুসরণ করা যাইবে। বিভিন্ন শ্রেণীর বর্জ্য/আবর্জনার তালিকা নিম্নে প্রদত্ত হইল, যথাঃ—

বিভিন্ন শ্রেণীর আবর্জনা	বিভিন্ন শ্রেণীর আবর্জনার তালিকা
সাধারণ আবর্জনা	ব্যবহৃত কাগজ পত্র ও বিভিন্ন ধরনের মোড়ক, ফল-মূলের খোসা উচ্ছিন্ন খাবার, রান্না ঘরের আবর্জনা, প্লাস্টিক ও ধাতব কৌটা ইত্যাদি।
দূষিত আবর্জনা (অধারালো)	রোগীর রক্ত, পুঁজ, কফ, মল-মূত্র, শরীর থেকে নিঃসৃত রস, কর্তিত অঙ্গ-প্রত্যঙ্গ, প্রাসেস্টা, গজ, ব্যাভেজ, প্লাস্টার, স্যালাইন ব্যাগ, রক্তের ব্যাগ, অব্যবহৃত ঔষধ ও রাসায়নিক দ্রব্যাদি।
দূষিত আবর্জনা (ধারালো)	ব্যবহৃত সূচ, ব্লেড, স্লাইড, ভাংগা কাচ ইত্যাদি।

২১। বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রের মনিটরিং (ক্রীনিং) রিপোর্ট প্রণয়ন।—প্রতিটি বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র প্রতি মাসে স্ব স্ব কেন্দ্র কর্তৃক সংগৃহীত রক্তের হিসাব (রক্ত, রক্তের উপাদান ও রক্তজাতসামগ্রী প্রযোজ্যক্ষেত্রে) ক্রীনিং রিপোর্টসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে ন্যাশনাল ডাটাবেজ সংরক্ষণের জন্য এক কপি জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কাউন্সিলের নিকট প্রেরণ করিবে। ক্রীনিং রিপোর্টের রিএকটিভ স্যাম্পল-সমূহের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে ন্যাশনাল ব্লাড সেভ ট্রান্সফিউশন সেন্টারের রেফারেন্স ল্যাবরেটরীতে পরীক্ষা করাইয়া নিশ্চিত হইবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। প্রতিটি বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র ডোনার কাউন্সেলিং-এর ব্যবস্থা করিবে।

২২। বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র কর্তৃক ড্রাম্যাটিক রক্তদান সম্পর্কিত ক্যাম্প পরিচালনার মনিটরিং (ক্রীনিং) রিপোর্ট প্রণয়ন।—লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র

ভ্রাম্যমাণ রক্তদান সম্পর্কিত ক্যাম্প পরিচালনার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপ্রাপ্ত হইয়া সারা বছরের ইনডোর ও আউটডোর ভ্রাম্যমান রক্ত সংগ্রহ ক্যাম্প পরিচালনার জন্য প্রোগ্রাম তৈরী করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ হইতে অনুমোদন করিয়ে নিবে। প্রতি মাসে ইনডোর এবং আউটডোর ভলানটারী ব্লাড ডোনেশন ক্যাম্প পরিচালনার মাধ্যমে সংগৃহীত রক্তের হিসাব (রক্ত, রক্তের উপাদান ও রক্তজাতসামগ্রী প্রযোজ্য ক্ষেত্রে) স্ক্রিনিং রিপোর্টসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে ন্যাশনাল ডাটাবেজ সংরক্ষণের জন্য এক কপি জাতীয় নিরাপদ রক্তপরিসঞ্চালন কাউন্সিলের নিকট প্রেরণ করিবে। স্ক্রিনিং রিপোর্টের রিএকটিভ স্যাম্পলসমূহের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের মাধ্যমে ন্যাশনাল সেফ ব্লাড ট্রান্সফিউশন সেন্টারের রেফারেন্স ল্যাবরেটরীতে পরীক্ষা করাইয়া নিশ্চিত হইবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। প্রতিটি বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র ডোনার কাউন্সেলিং-এর ব্যবস্থা করিবে।

২৩। সরকারী হাসপাতাল ও বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্রে রক্তের চাহিদা প্রদানকারী এবং রক্তপরিসঞ্চালনকারী ডাক্তারের দায়িত্ব ও কর্তব্য।—(১) রক্তের চাহিদাপত্র নির্ধারিত ফরমে পেশ করিতে হইবে। চাহিদাপত্রে অবশ্যই রোগীর নাম, ওয়ার্ড নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, রোগের নাম ও রক্তের উপাদান চাহিদা, চাহিদার প্রকৃতি ও পরিমাণ ইত্যাদি তথ্যাবলী থাকিতে হইবে। অবশ্যই রক্তের চাহিদাপত্রের সাথে ৫ মিঃ লিঃ রক্ত একটি শুষ্ক জীবাণুমুক্ত প্লেন টেষ্টটিউবে যথাযথ লেবেল করিয়া রক্তের চাহিদাপত্রে সংশ্লিষ্ট চিকিৎসকের স্বাক্ষর ও সীলসহ রক্ত প্রয়োজনের ২৪ ঘন্টা পূর্বে রক্তপরিসঞ্চালন কেন্দ্রে পাঠাইতে হইবে। তবে জীবন রক্ষার্থে/জরুরী ক্ষেত্রে রক্তপরিসঞ্চালন বিভাগে কর্মরত ডাক্তারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অতি জরুরী প্রয়োজনে মুমূর্ষু রোগীর জীবন রক্ষার ক্ষেত্রে ব্লাড গ্রুপিং, ক্রসম্যাচিং, স্ক্রিনিং (Screening) সহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করিয়া রক্ত, রক্তের উপাদান, রক্তজাতসামগ্রী সরবরাহ ও পরিসঞ্চালনের ক্ষেত্রে রক্তপরিসঞ্চালন বিভাগের দায়িত্বপ্রাপ্ত/কর্তব্যরত চিকিৎসকের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(২) রক্তপরিসঞ্চালন কেন্দ্র হইতে ক্রসম্যাচিং রিপোর্ট ও রক্ত ব্যাগের স্ক্রিনিং রিপোর্টসহ রক্ত পাওয়ার পর কর্তব্যরত ডাক্তারকে রিপোর্টসমূহের উপর লিখিত রোগীর তথ্যাবলীর সহিত ব্যাগের তথ্যাবলী মিলাইয়া দেখিতে হইবে। এতদক্ষেত্রে অধিকতর নিশ্চিত হওয়ার লক্ষ্যে কর্তব্যরত ডাক্তারকে সংশ্লিষ্ট রোগীর নাম ও অন্যান্য তথ্যাবলী সম্পর্কে পুনঃযাচাইপূর্বক রক্তপরিসঞ্চালন কার্যক্রম গ্রহণ করিতে হইবে। রক্তপরিসঞ্চালনকালীন সময়ে রোগী কোন ধরনের কাঁপুনি, চুলকানী, রক্তসঞ্চালিত লাইন বরাবর ব্যথা, শ্বাসকষ্ট ইত্যাদি অসুবিধার কথা বলিলে সাথে সাথে রক্তপরিসঞ্চালন বন্ধ করিয়া রোগী ও রক্ত ব্যাগের গ্রুপিং ও ক্রসম্যাচিং পুনরায় পরীক্ষার ব্যবস্থা করিয়া প্রতিক্রিয়ার কারণ নির্ধারণ করিতে হইবে।

২৪। সংযোজনীসমূহের কার্যকরতা।—আইনের বিধান সাপেক্ষে অত্র বিধিমালার সহিত সংযোজিত রক্তের চাহিদা অধিবাচন পত্র, রক্তদাতার নিবন্ধন পত্র, ক্রসম্যাচ-রিপোর্ট ফরম, পরীক্ষা নিরীক্ষা চাহিদাপত্র, সিরোলজিকেল রিপোর্ট ফরম, টাকা প্রাপ্তির রশিদ, রোগীর (প্যাসেন্ট) রেজিস্টার, রোগীর গ্রুপিং রেজিস্টার, ডোনার গ্রুপিং রেজিস্টার, স্ক্রিনিং খাতা (রেজিস্টার), ক্রসম্যাচিং খাতা (রেজিস্টার), রক্ত সরবরাহের রেজিস্টার, রক্তের স্টক রেজিস্টার, বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্সের জন্য আবেদনপত্রের ফরম, বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স প্রদানের ফরম, বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স নবায়নের ফরম, বেসরকারী রক্তপরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স নবায়নের সার্টিফিকেট ফরম সংক্রান্ত সংযোজনীসমূহ অত্র বিধিমালার অধীন কার্যকর হইবে।

সংযোজনী-(১)

রক্ত পরিসঞ্চালন কেন্দ্রের বিভিন্ন ফরমের নমুনা :

রক্তের অধিবাচন পত্র

(Blood Requisition Form)

(বিধি ২৪ দ্রষ্টব্য)

National Blood Transfusion Services

Department of Transfusion Medicine (Blood Transfusion)

.....Hospital

রক্তের অধিবাচন পত্র

(Blood Requisition Form)

জ্ঞাতব্য বিষয় : বিশেষভাবে লক্ষণীয়

প্রতিটি অনুরোধ পত্রের সঙ্গে রোগীর পরিচয় সহকারে এই ফরমের নীচের অংশ পূরণপূর্বক রোগীর রক্তের টেস্টটিউবে (৫ মিঃ লিঃ) লাগাইয়া পাঠাতে হবে। রোগীর বিস্তারিত বিবরণ সঠিকভাবে না পাঠালে তাহা গ্রহণযোগ্য হবে না এবং ভুলের কারণে মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিতে পারে। জীনিং ও অন্যান্য পরীক্ষাসহ রক্তের প্রয়োজনে অন্ততঃ ২৪ ঘন্টা পূর্বে রক্ত প্রস্তুত রাখা বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ রোগীর গায়ে রক্ত দেয়া শুরু করার পর হতে ৩-৪ ঘন্টার মধ্যে রক্ত দেয়া শেষ হওয়া বাঞ্ছনীয়। রক্ত গ্রহীতা ডাক্তার সাহেব রক্ত গ্রহণের সময় অবশ্যই সবকিছু মিলিয়ে গ্রহণ করবেন। রক্ত ফ্রিজ হতে বের হওয়ার পর ৩০ মিনিটের মধ্যে অবশ্যই রোগীর গায়ে লাগাতে হবে।

- ১। রোগীর নাম.....ভর্তির তারিখ.....বয়স.....
পুঃ/মহিলা.....ইউনিট.....ওয়ার্ড.....বিছানা/কেবিন.....রেজিঃ নং.....
- ২। প্রয়োজনীয় রক্তের পরিমাণ :.....ব্যাগ রক্ত/গ্রাজমা/অন্যান্য.....
- ৩। রক্তপরিসঞ্চালনের তারিখ.....সময় :.....
- ৪। রক্ত নেয়ার ধরণ :.....বিনিময়/স্বেচ্ছায়/অন্যান্য.....
- ৫। রক্ত নেয়ার কারণ ও নির্ণেয় রোগ :.....
- ৬। রোগীর রক্তের শ্রেণী জানা থাকলে পূর্বের নম্বর সহকারে.....
- ৭। পরীক্ষার ধরণ :.....

- ৮। পূর্বে রক্ত নেয়া হয়ে থাকলে তার বিবরণঃ.....
- (ক) পরিসঞ্চালনের তারিখ.....
- (খ) কোন পার্শ্ব প্রতিক্রিয়া হয়েছিল কিনা/যেমন, কাঁপুনি দিয়ে জ্বর/পাভুরোগ/আরটিকেরিয়া/জ্বর/লাল প্রস্রাব।
- (গ) গর্ভপাত/মরা বাচ্চা/বাচ্চার পাভু রোগ/কেবল মহিলা রোগীর ক্ষেত্রে।

৯। হিমোগ্লোবিন.....রক্তচাপ.....নাড়ীর গতি.....তাপমাত্রা.....

নিজস্ব রক্তদাতার অস্বীকার নামা
আমি উপরোক্ত রোগীর জন্য রক্তদান করলাম
এই রক্ত ঐ রোগীর প্রয়োজন না হলে অন্য
রোগীকে দেয়া যাবে।
রক্তদাতার স্বাক্ষর রক্ত সংগ্রহকারীর স্বাক্ষর

ডাক্তারের স্বাক্ষর
তারিখ
পদবী
ঠিকানা
.....

৫ মিঃ লিঃ রোগীর রক্ত একটি শুষ্ক স্টেরাইল টেস্টটিউবে সংগ্রহের পর নীচের অংশ পূরণপূর্বক
টেস্টটিউবের গায়ে আঠা দিয়ে লাগিয়ে পাঠাইবেন।

রোগীর নাম.....বয়স.....পুং/মহিলা.....

ইউনিট.....ওয়ার্ড.....বিছানা/কেবিন.....রেজিঃ নং.....

ডাক্তারের স্বাক্ষর.....

সংযোজনী-(২)
রক্তদাতার নিবন্ধন পত্র
(বিধি ২৪ দ্রষ্টব্য)

Medical Assessment of Blood Donor Form
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

রক্তদাতার নিবন্ধন পত্র
(Medical Assessment of Blood Donor)

এই ফর্মে উল্লেখিত বিষয়সমূহ ভালভাবে পড়ার পর উত্তর দিন। কোন বিষয়ে বুঝার জন্য সংশ্লিষ্ট ডাক্তার/নার্সের সাহায্য নিন।

রক্তদাতার জ্ঞাতব্য বিষয় :

- (১) আপনি কি কখনো অনিরীক্ষিত (Unscreened) রক্ত বা রক্তের উপাদান গ্রহণ করেছেন?
- (২) আপনি কি কোন প্রকার নেশায়ুক্ত ঔষধ সেবনে অথবা শিরায় নিতে/প্রবেশ করাতে অভ্যস্ত?
- (৩) আপনার একাধিক অরক্ষিত যৌনমিলনের অভ্যাস আছে কি?

উপরোক্ত কারণগুলোর একটিও যদি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তবে আপনি যৌন রোগ এইচআইভি (এইডস)/হেপাটাইটিস ইত্যাদি সংক্রমণের জন্য ঝুঁকিপূর্ণ বিধায় রক্তদান থেকে নিজেকে বিরত রাখুন। মনে রাখবেন দানকৃত রক্ত আপনার আপনজনকেই দেয়া হবে।

- ১। নাম.....
- ২। পিতার/স্বামীর নাম.....
- ৩। বয়স.....বৎসর।
- ৪। লিঙ্গ.....পুরুষ/মহিলা।
- ৫। বৈবাহিক অবস্থা.....বিবাহিত/অবিবাহিত।
- ৬। পেশা.....
- ৭। বর্তমান ঠিকানা ও টেলিফোন নং.....
- ৮। স্থায়ী ঠিকানা.....
- ৯। পূর্ববর্তী রক্তদান : তারিখ..... কোথায়.....
- ১০। রক্তদাতার সম্পর্কে জ্ঞাতব্য :

- ১০.১ পূর্বে বা বর্তমানে আপনি কি আক্রান্ত হয়েছেন? হ্যাঁ না
- ১০.২ হেপাটাইটিস (জন্ডিস)
- ১০.৩ ম্যালেরিয়া
- ১০.৪ মৃগীরোগ
- ১০.৫ হৃদরোগ
- ১০.৬ ডায়াবেটিস (বহুমূত্র)
- ১০.৭ যৌনরোগ
- ১০.৮ এ্যজমা/শ্বাসকষ্ট
- ১০.৯ একজিমা (চর্মরোগ)
- ১০.১০ উচ্চ রক্তচাপ (হাইপারটেনশন)
- ১০.১১ কিডনী রোগ
- ১০.১২ টিবি (যক্ষ্মা)
- ১০.১৩ পাইলস্
- ১০.১৪ ক্যান্সার
- ১০.১৫ পেপটিক আলসার
- ১০.১৬ টাইফয়েড
- ১০.১৭ বাত জ্বর
- ১০.১৮ সিফিলিস
- ১০.১৯ রক্ত আমাশয়
- ১০.২০ রক্ত জনিত রোগ
- ১০.২১ আনডুলেন্ট ফিভার
- ১০.২২ মিজিলস্/মাম্পস্
- ১০.২৩ গর্ভপাত
- ১০.২৪ সাম্প্রতিক ওজন কমে যাওয়া
- ১০.২৫ বর্তমানে আপনি কি?
- (ক) গর্ভস্থায়?
- (খ) স্তন্যদানকারী মা?
- (গ) মাসিকের অবস্থায়?
- ১০.২৬ আপনার কি?
- (ক) ৬ মাসের মধ্যে মেজর অপারেশন হয়েছে?
- (খ) ৪ সপ্তাহের মধ্যে দাঁত উঠানো হয়েছে?
- (গ) ৪ সপ্তাহের মধ্যে ভেকসিন বা টিকা নেয়া হয়েছে
- ১০.২৭ আপনি কি?
- (ক) রক্ত বা রক্তের উপাদান গ্রহণ করেছেন?
- (খ) ১ সপ্তাহের মধ্যে এসপিরিন জাতীয় ঔষধ সেবন করেছেন?
- (গ) মাদকাসক্ত?
- (ঘ) কোন নেশায়ুক্ত ঔষধ/মাদক দ্রব্য গ্রহণ করেছেন?
- (ঙ) বিদেশে ভ্রমণ করেন?
- (চ) বর্তমানে কোন প্রকার ঔষধ গ্রহণ করেন?

সংযোজনী-(৩)
ক্রসম্যাচ-রিপোর্ট ফর্ম
(বিধি ২৪ দ্রষ্টব্য)

Cross Match Report Form
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital.

COMPATIBILITY/CROSS MATCH REPORT

SL. No. Date :

v Lab./Ref. No.....
v Patient's Name..... Blood..... Group.....
Age..... Sex..... M/F..... Race.....
v Cabin/Ward No. Bed No..... Unit.....
v Hospital/Clinic Reg. No..... Donor Bag No. Blood
Group..... Compatible

Supplied on..... at.....

Medical Technologist Duty Doctor Received by

National Blood Transfusion Services
(Department of Transfusion Medicine (Blood Transfusion))
.....Hospital.

COMPATIBILITY/CROSS MATCH REPORT

SL. No. Date :

v Lab./Ref. No.
Patient's Name..... Age..... Sex..... M/F, Reg. No.

v Blood Group of Patient.
ABO..... Rhesus(D).....
v Donor Blood Group. ABO..... Rhesus(D)..... Bag
No.....

Donor Blood Sample (Bag No.) is found Compatible With
Patient's Blood Sample (Lab/Ref. No.....)

Supplied on..... at.....

v Blood Sample of the supplied Bag was tested for

.....
Medical Technologist.....
Duty Doctor

- এ রিপোর্টের তথ্যাদির সাথে পরিসঞ্চালনের পূর্বে অবশ্যই ব্যাগের গায়ে লেখা তথ্যাদি মিলিয়ে নিন।
- কৃত্রিমভাবে রক্ত ব্যাগ গরম করা উচিত নয়।
- রক্ত ব্যাগের মধ্যে অথবা সেটে কোন রকম ঔষধ মেশানো সম্পূর্ণ নিষিদ্ধ।
- রেফ্রিজারেটর হতে বের করার ৩০ মিনিটের মধ্যে পরিসঞ্চালন করা উচিত।

সংযোজনী-(৪)
পরীক্ষা নিরীক্ষা চাহিদাপত্র
(বিধি ২৪ দ্রষ্টব্য)

REQUEST FOR INVESTIGATION
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital.

REQUEST FOR INVESTIGATION
(পরীক্ষা নিরীক্ষার চাহিদাপত্র)

Patient's Name.....Age.....Sex.....
OPD/Ward.....Bed.....Reg. No.
Refd. by Prof/Dr.Date.....

- ABO Grouping & Rhesus typing
- Cross Matching (Groups & others as required).
- Direct Combs' Test
- Indirect Combs' Test
- Antibody Detection
- Antibody titre
- Rhesus factor C/c/D/E/e
- Rhesus Genotype & Phenotype
- Haemolysin Test
- A B H Secretor Status
- Auto Antibody (Warm/Cold)
- VDRL/RPR
- TPHA
- HBsAg (screening)-Rapid/ELISA
- HCV (Screening)-Rapid/ ELISA
- HIV (Screening)-Rapid/ ELISA
- CMV
- HLA/Tissue Typing
- Others

Date

Prof/Dr.....

(Requested by)

সংযোজনী-(৫)
সিরোলজিকেল রিপোর্ট ফরম
(বিধি ২৪ দ্রষ্টব্য)

Serological Report Form
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital.

SEROLOGICAL REPORT

θ Patient's Name.....Age.....Sex.....M/F
θ OPD/Ward/Cabin.....Bed No.Unit.....Reg. No.....
θ Refd. byDate.....

Name of Test	Result
θ ABO Grouping	
θ Rhesus Typing	
θ Direct Coombs' Test (DCT)	
θ Indirect Coombs' Test (ICT)	
θ Antibody Detection	
θ Antibody titre	
θ Rhesus Phenotype	
θ Most Probable Genotype	
θ Haemolysin Test	
θ ABH Secretor status	
θ Auto Antibody (Warm/Cold)	
θ HBV	
θ HCV	
θ HIV(I & 2)	
θ CMV	
θ HLA/Tissue Typing	
θ Others	

Comments :

Medical Technologist

Doctor

সংযোজনী-(৬)

টাকা প্রাপ্তির রশিদ

(বিধি ২৪ দ্রষ্টব্য)

MONEY RECEIPT

NATIONAL BLOOD TRANSFUSION SERVICES
DEPARTMENT OF TRANSFUSION MEDICINE (Blood Transfusion)
.....Hospital.

MONEY RECEIPT

No. Date

Received from
a sum of TK.....(Taka.....)
in cash/by cheque on account of Whole Blood/ABO+Rh Group/Cross
Matching/Genotype & Phenotype/Anti-body-Detection & Titration/Coombs'
Test-Direct, Indirect/Blood letting/Screening-HBsAg/VDRL/HCV/HIV/
CMV/MP.

Others.....BAG ;
Double/Triple/Quadruple// Red Cell Concentrate (RC) Saline Washed Red Cell
(SWRC)/ Platelet Rich Plasma (PRP)/Platelet Concentrate (PC)/Fresh Plasma
(FP)/Fresh Frozen Plasma (FFP)/Cryoprecipitate/Cold Agglutinin Detection/
Haemolysin Test/Kleihauer Test/ Secreter Status Determination/ Paternity
Testing/Immunoglobulin Therapy/Day Care Transfusion/ Others.....
.....etc.

Signature.....

Name.....

Accountant/Money Receiver

Signature.....

Name.....

Head/

In Charge

/Duty

Doctor

সংযোজনী-(৬)
রোগীর গ্রুপিং রেজিস্টার
(বিধি ২৪ দ্রষ্টব্য)

PATIENT GROUPING REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

রোগীর গ্রুপিং রেজিস্টার

তারিখ

ক্রমিক নং	রোগীর নং	রেজিস্ট্রেশন নম্বর	নাম	এবিও গ্রুপ						বিসাস গ্রুপ		গ্রুপ	স্বাক্ষর	মন্তব্য		
				এন্টি- এ	এন্টি- বি	এন্টি- এবি	এ সেল	বি সেল	ও সেল	ফলাফল	এন্টি ডি				এন্টি ডি	ফলাফল
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭

সংযোজনী-(৯)
ডোনার গ্রুপিং রেজিস্টার
(বিধি ২৪ দ্রষ্টব্য)

DONOR GROUPING REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

ডোনার গ্রুপিং রেজিস্টার

তারিখ

ক্রমিক নং	রক্তদাতার নং	রক্তদাতার নাম	এবিও গ্রুপ						রিসাস্ গ্রুপ		রক্তদাতার গ্রুপ	স্বাক্ষর	মন্তব্য		
			এন্টি- এ	এন্টি- বি	এন্টি- এবি	এ সেল	বি সেল	ও সেল	ফলাফল	এন্টি ডি				ফলাফল	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

সংযোজনী-(১০)
ক্রীনিং খাতা (রেজিস্টার)
(বিধি ২৪ দ্রষ্টব্য)
SCREENING REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

তারিখ

ক্রীনিং খাতা (রেজিস্টার)

ক্রমিক নং	কোড নং	রক্তের গ্রুপিং		এইচবিএসএজি (HBsAg)	এইচআইভি (HIV)	এইচসিভি (HCV)	ভিডিআরএল (VDRL)	এমপি (MP)	অন্যান্য	মেডিকেল টেকনোলজিষ্টের স্বাক্ষর	ডাক্তারের স্বাক্ষর	মন্তব্য	তারিখ
		এবিও	রিসাস্										
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

সংযোজনী-(১১)
ক্রসম্যাচিং খাতা (রেজিস্টার)
(বি.মি ২৪ ট্রষ্টব্য)

CROSMATCHING REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

ক্রসম্যাচিং খাতা (রেজিস্টার)

তারিখ

ক্রমিক নং	পেসেন্ট নাম্বার (গ্রুপিং)	রেজিস্ট্রেশন নং	রোগীর নাম	রোগীর গ্রুপ	ব্যাগ নং	ব্যাগ গ্রুপ	ক্রসম্যাচিং ফলাফল	কুম্বস্ টেস্ট	গ্রুপ চেক	মেডিঃ টেকনোলঃ স্বাক্ষর	ডাক্তারের স্বাক্ষর	তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

সংযোজনী-(১২)
রক্ত সরবরাহের রেজিস্টার
(বিধি ২৪ দ্রষ্টব্য)

BLOOD SUPPLY REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

রক্ত সরবরাহের রেজিস্টার

তারিখ

রক্ত গ্রহণকারীর ডাক্তারের নাম	তারিখ	সময়	বাগ নং	রক্তের গ্রুপ	রোগী নং	রোগীর নাম	রক্তের গ্রুপ	ওয়ার্ড/ কেবিন	শয্যা	সরবরাহের ধরণ	গ্রহণকারীর স্বাক্ষর	সরবরাহকারীর স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

সংযোজনী-(১৩)
রক্তের স্টক রেজিস্টার
(বিধি ২৩ ম্রষ্টব্য)

BLOOD STOCK REGISTER
National Blood Transfusion Services
Department of Transfusion Medicine (Blood Transfusion)
.....Hospital

রক্তের স্টক রেজিস্টার

তারিখ

ক্রমিক নং	রক্ত দেয়ার তারিখ	সংগৃহীত রক্তের উৎস			ব্যাগ নং	রক্তের গ্রুপ		রক্তের পরিমাণ	হীমোগ্লাইসিন		স্বাক্ষর	তারিখ	মন্তব্য
		বেচ্ছায়	রোগীর আত্মীয়	অন্যান্য		এবিও	রিসাস্		হ্যা	না			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

সংযোজনী-(১৪)

বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্সের জন্য আবেদন পত্রের ফরম
(বিধি ২৪ দ্রষ্টব্য)

- (ক) আমি/আমরা..... মেসার্স.....এতদ্বারা রক্ত সংগ্রহ ও প্রসেসিং বা সংগৃহীত রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ, সংরক্ষণ এবং বিক্রয় বা বিতরণের নিমিত্তে.....স্থানে, বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্সের জন্য আবেদন করিতেছি;
- (খ) লাইসেন্সের আওতায় কার্যক্রম সমূহের নামঃ-
- (১) রক্ত সংগ্রহ;
 - (২) রক্তের প্রসেসিং;
 - (৩) রক্তের পরীক্ষা-নিরীক্ষা;
 - (৪) রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ;
 - (৫) রক্ত সংরক্ষণ;
 - (৬) রক্ত ও রক্তের উপাদান বিক্রয় বা বিতরণ;
- (গ) টেকনিক্যাল স্টাফদের নাম, যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ নিম্নে প্রদত্ত হইলঃ
- (১) রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ;
 - (২) প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার/ মেডিকেল অফিসার;
 - (৩) প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট(ল্যাব);
 - (৪) টেকনিক্যাল সুপারভাইজার;
 - (৫) রেজিষ্টার্ড নার্স;
 - (৬) ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট;
- (ঘ) অবকাঠামো সহ কেন্দ্রটি পরিদর্শনের জন্য প্রস্তুত করা হইয়াছে/আগামী..... মধ্যে পরিদর্শনের জন্য প্রস্তুত হইবে;
- (ঙ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্সিং প্রক্রিয়াবাবদ পরিদর্শন ফিস জমার ব্যাংক ড্রাফট /পে-অর্ডারের কপি সংযুক্ত করা হলো।

তারিখ	স্বাক্ষর নাম ও পদবী
-------	------------------------

বিঃদ্রঃ আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হইবে, যথাঃ-

- (ক) অবকাঠামোর প্লান;
- (খ) রক্ত ও রক্তের উপাদান সংগ্রহ, প্রস্তুতকরণ প্রসেসিং, পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ ইত্যাদির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, আসবাবপত্র ও মেসিনারির তালিকা;
- (গ) সংস্থার মেমোরেন্ডাম বা ফার্মের গঠনতন্ত্র;
- (ঘ) টেকনিক্যাল স্টাফদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র;
- (ঙ) অবকাঠামো ও কেন্দ্রটির জমির দলিলসহ মালিকানার দলিল বা ভাড়ার দলিল;

সংযোজনী-১৬

বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স প্রদানের ফরম
(বিধি ৪ দ্রষ্টব্য)

- (ক) লাইসেন্স নংলাইসেন্স অনুমোদনের তারিখ.....
অবকাঠামো সহ কেন্দ্রটি.....স্থানের.....জায়গায়
অবস্থিত;
- (খ) মেসার্স.....এতদ্বারা রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং বা
সংগৃহীত রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ সংরক্ষণ এবং বিক্রয় বা
বিতরণের জন্য লাইসেন্স প্রদান করা হলো;
- (গ) লাইসেন্সের আওতায় কার্যক্রম সমূহের নাম, যথাঃ-
- (১) রক্ত সংগ্রহ;
 - (২) রক্তের প্রসেসিং;
 - (৩) রক্তের পরীক্ষা-নিরীক্ষা;
 - (৪) রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ;
 - (৫) রক্ত সংরক্ষণ;
 - (৬) রক্ত ও রক্তের উপাদান বিক্রয় বা বিতরণ;
- (ঘ) টেকনিক্যাল স্টাফদের নাম, যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ নিম্নে প্রদত্ত হইল যথাঃ
- (১) রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ;
 - (২) প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার/ মেডিকেল অফিসার;
 - (৩) প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট(ল্যাব);
 - (৪) টেকনিক্যাল সুপারভাইজার;
 - (৫) রেজিস্টার্ড নার্স;
 - (৬) ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট;
- (ঙ) লাইসেন্স গ্রহণকারী লাইসেন্স গ্রহণ করে অত্র লাইসেন্সের আওতায় কেবল মাত্র রক্ত
সংগ্রহ, রক্তের প্রসেসিং বা সংগৃহীত রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ,
সংরক্ষণ এবং বিক্রয় বা বিতরণ করিবে মাত্র;
- (চ) লাইসেন্সের কার্যকাল হইবে.....ইং তারিখ হইতে..... ইং তারিখ পর্যন্ত;
- (ছ) লাইসেন্স গ্রহণকারীকে নিম্নবর্ণিত লাইসেন্সের শর্তসমূহ অবশ্যই পালন করিতে হইবে
এবং অত্র আইনের আওতায় লাইসেন্সের সহিত সম্পর্কিত অন্যান্য শর্তসমূহ পালন
করিতে হইবে। সরকার কর্তৃক সময়ে সময়ে অত্র আইনের পরিবর্তন, পরিবর্তিত ধারা ও
শর্তসমূহ পালন করিতে হইবে।

তারিখ

স্বাক্ষর
নাম ও পদবী
লাইসেন্সিং কর্তৃপক্ষ

সংযোজনী-(১৭)

বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স নবায়নের ফরম

(বিধি ২৪ দ্রষ্টব্য)

(ক) মেসার্স.....কে রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং বা সংগৃহীত রক্ত হইতে রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ, সংরক্ষণ এবং বিক্রয় বা বিতরণের নিমিত্তে.....জায়গায় অবস্থিত অবকাঠামোসহ কেন্দ্রকে.....ইং তারিখে.....লাইসেন্স নং অনুযায়ী যে লাইসেন্স প্রদান করা হয়েছিল তা এতদ্বারা নবায়ন করার জন্য আবেদন করা হলো, মেয়াদ কাল.....ইং তারিখ হইতে.....ইং তারিখ পর্যন্ত;

(খ) লাইসেন্সের আওতায় কার্যক্রম সমূহের নাম, যথাঃ-

- (১) রক্ত সংগ্রহ;
- (২) রক্তের প্রসেসিং;
- (৩) রক্তের পরীক্ষা-নিরীক্ষা;
- (৪) রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথকীকরণ;
- (৫) রক্ত সংরক্ষণ;
- (৬) রক্ত ও রক্তের উপাদান বিক্রয় বা বিতরণ;

(গ) টেকনিক্যাল স্টাফদের নাম, যথাঃ-

- (১) রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ;
- (২) প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার/ মেডিকেল অফিসার;
- (৩) প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট(ল্যাব);
- (৪) টেকনিক্যাল সুপারভাইজার;
- (৫) রেজিষ্টার্ড নার্স;
- (৬) ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট;

তারিখ		স্বাক্ষর নাম ও পদবী লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------	--	--

সংযোজনী-(১৮)

বেসরকারী রক্ত পরিসঞ্চালন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লাইসেন্স নবায়নের সার্টিফিকেট ফরম

(বিধি ২৩ দ্রষ্টব্য)

- (ক) লাইসেন্স নং..... অনুমোদনের তারিখ..... এর আলোকে মেসার্স..... জায়গায় অবস্থিত অবকাঠামোসহ..... নামের কেন্দ্রকে রক্ত সংগ্রহ, রক্তের প্রসেসিং বা সংগৃহীত রক্ত হইতে রক্তের উপাদান পৃথিকীকরণ, প্রস্তুতকরণ, সংরক্ষণ, এবং বিক্রয় বা বিতরণের নিমিত্তে যে লাইসেন্স দেওয়া হয়েছিল তা এতদ্বারা নবায়ন করা হলো এবং মেয়াদকাল..... ইং তারিখ হইতে..... ইং তারিখ পর্যন্ত;
- (খ) লাইসেন্সের আওতায় কার্যক্রম সমূহের নাম, যথাঃ-
- (১) রক্ত সংগ্রহ;
 - (২) রক্তের প্রসেসিং;
 - (৩) রক্তের পরীক্ষা-নিরীক্ষা;
 - (৪) রক্তের উপাদান প্রস্তুতকরণ, পৃথিকীকরণ;
 - (৫) রক্ত সংরক্ষণ;
 - (৬) রক্ত ও রক্তের উপাদান বিক্রয় বা বিতরণ;
- (গ) টেকনিক্যাল স্টাফদের নাম, যথাঃ-

	রক্তের উপাদান পৃথিকীকরণ	রক্তের পরীক্ষা-নিরীক্ষা
(১)	রক্ত পরিসঞ্চালন বিশেষজ্ঞ	প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার/ মেডিকেল অফিসার
(২)	টেকনিক্যাল সুপারভাইজার	প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)
(৩)	ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট	রেজিস্টার্ড নার্স

তারিখ	স্বাক্ষর নাম ও পদবী লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------	--

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আহমদ হোসেইন

উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।